আঞ্জমানে-ওলামায়ে-বাঙ্গালা

রিপোর্ট।

(১৯১৩-১৪-১৫-১৬)।

আঞ্জমানের দ্বিতীয় অধিবেশনে পঠিত।

কলিকাতা,

১৯১৮ খৃঃ।

আঞ্জমানে-ওলামায়ে-বাঙ্গালা

রিপোর্ট।

(১৯১৩-১৪-১৫-১৬)।

আঞ্জমানের দ্বিতীয় অধিবেশনে পঠিত।

কলিকাতা,

১৯১৮ খৃঃ।

আঞ্জমনে-ওলামায়ে-বাঙ্গালার রিপোর্ট।

প্রথম ভাগ।

বাঃ ১৯১৩।১৪।১৫।১৬ খ্রীষ্টাব্দ।

হামদ ও নাআৎ।

সেই পরমকরুণাময় সর্ব্বশক্তিমান বিশ্বনিয়ন্তা দয়ালু খোদা-তায়ালাকে অসংখ্য ধন্যবাদ, যিনি প্রত্যেক দেশে ও প্রত্যেক সমাজে, ভ্রমান্ধকারে পতিত এবং ধর্ম্ম-বিগর্হিত কুপথে চালিত জনমণ্ডলীকে সর্ব্বদা সতর্ক ও সাবধান করিয়া তাঁহার অনুমোদিত সরল ও সৎপথ প্রদর্শন জন্য উপযুক্ত পথ-প্রদর্শক—জ্ঞানী ও গুণী আলেম বা সুধী মণ্ডলীর সৃষ্টি করিয়া তাঁহার বৈচিত্র্য পূর্ণ বসুন্ধরাকে ধর্ম্মালোকে আলোকিত করিয়া রাখিয়াছেন। তিনি দীনবন্ধু, করুণাসিন্ধু, তিনি অনাথের নাথ, বিপন্নের সহায়, আর্ত্তের সম্বল। তিনি সদানন্দ পরাৎপর সর্ব্বশক্তির আধার, বিশ্বজগতের প্রতিপালক ও অনন্ত ক্ষমতার পূর্ণ প্রস্রবণ!!

সেই সর্ব্বশ্রেষ্ঠ শেষপ্রেরিত মহাপুরুষ—বিশ্বপতি-আল্লাহ-তায়ালার প্রিয়তম ধর্ম্ম-প্রবর্ত্তক—হজরত মোহাম্মদ মোস্তফার (আঃ) প্রতি অসংখ্য দরুদ এবং আমাদের অকৃত্রিম ভক্তি ও শ্রদ্ধা বর্ষিত হউক, যিনি জগতের মুক্তি এবং মানবমণ্ডলীর কল্যাণ কামনা ও মঙ্গলবিধানকল্পে অশেষ কষ্ট এবং লাঞ্ছনা গঞ্জনা ও নৃশংস-অত্যাচার উৎপীড়ন সহ্য করিয়া ধরাধামে সত্য ও ন্যায়-ধর্ম্ম প্রচারের উজ্জ্বল আদর্শ দৃষ্টান্ত প্রদর্শন করিয়া গিয়াছেন; যিনি ভূমিষ্ট হইবার ও ইহলোক হইতে চিরবিদায় গ্রহণের দিনেও তাঁহার প্রিয়তম উম্মত মণ্ডলীকে ভুলিতে পারেন নাই। শত সহস্র সালাম ও ভক্তিমাল্য তাঁহার প্রিয়তম সহচরবর্গ ও আছহাবগণের পাদপদ্মে অর্পিত হউক, যাঁহারা হজরত রসুলে-করিমের ধর্ম্ম-প্রচার-ব্রতে প্রাণপণে কষ্টস্বীকার করিতে এবং বিধর্ম্মীগণের অত্যাচার উৎপীড়ন সহ্য করিয়া কর্ত্তব্য প্রতিপালনে কিছুমাত্র কুণ্ঠা বোধ করেন নাই।

এস্‌লাম-মিশনের আনুষ্ঠানিক ইতিহাস।

প্রথম পর্য্যায়।

আজ হইতে ষষ্ঠদশ বৎসর পূর্ব্বে যখন সর্ব্ব প্রথম, রাজশাহীর সদরে "বঙ্গীয় মুসলমান-শিক্ষা সমিতির" প্রথম অধিবেশন হয় তখন উক্ত সমিতির অন্যতম প্রাণপ্রতিষ্ঠাতা সোলতান সম্পাদক—মৌলবী মোহাম্মদ মনিরুজ্জমান এসলামাবাদী প্রমুখ শিক্ষা-সমিতির সঙ্গে সঙ্গে একটী আলেম-সম্মিলনী বা এস্‌লামমিশন-সমিতির অধিবেশনের চেষ্টা করেন, কিন্তু তখন নানা কারণে তাঁহাদের

দ্বিতীয় পর্য্যায়।

এই চেষ্টা সম্পূর্ণরূপে ফলবতী হইতে না পারিলেও তাহা যে আংশিক ভাবে সফল হইয়াছিল তাহাতে কিছুমাত্র সংশয় নাই। প্রত্যেক বৎসর শিক্ষা সমিতির অধিবেশনের সঙ্গে সঙ্গে দেশের এবং ভিন্ন প্রদেশ হইতে আমন্ত্রিত প্রসিদ্ধ আলেম, ওয়ায়েজ ও বক্তাবর্গের সমবায়ে কন্‌ফারেন্সের অতিরিক্ত সময় —সকালে ও রাত্রিতে ওয়াজের মজ্‌লিস গঠিত হইত। তাহাতে ধর্ম্ম ও জাতীয় বিষয় অনেক সারগর্ভ ওয়াজ বক্তৃতাদির কার্য্যাদি সম্পন্ন করা হইত। এইক্ষেত্রে একথা না বলিলে অকৃতজ্ঞতার কারণ হইবে যে, এসলামমিশনের সর্ব্ব প্রথম প্রস্তাব রংপুর মহীপুরের জমিদার খাঁবাহাদুর আবদুল-মজিদ চৌধুরী সাহেব মরহুম কর্ত্তৃক অনুষ্ঠিত হয় এবং তিনি "আকাশ-কুসুম" নামক একখানি বিজ্ঞাপন প্রচারপূর্ব্বক "এসলাম-মিশন" স্থাপনের কল্পনা জনসমাজে প্রচার করেন এবং তিনি এই মতের পোষকতায় প্রস্তাব করেন যে সোলতান কাগজের মুদ্রাযন্ত্রের নাম যদি "এসলাম-মিশন-মেশিন প্রেস" রাখা হয় তাহা হইলে তিনি আর্থিক সাহায্য করিবেন। তাঁহার সেই প্রস্তাবানুযায়ী সোলতানপত্রের প্রেসের "এসলাম-মিশন-মেশিন প্রেস" নামকরণ করা হইয়াছিল এবং তিনিও আর্থিক সাহায্যের অঙ্গীকারপূর্ণ করিয়াছিলেন। শ্রদ্ধাস্পদ মৌলবী মৌলানা ও বক্তা মহোদয়গণ জনসাধারণের অন্তর হইতে হানিফী-মোহাম্মদী এবং শিয়া-সুন্নীর আত্ম-কলহ, আত্ম-দ্বন্দ্ব এবং পরস্পর সাম্প্রদায়িক দ্বেষ হিংসা বিজড়িত বিবাদ বিসম্বাদ দূরীভূত করিয়া সকলকে একতা-সূত্রে আবদ্ধ হইয়া ভ্রাতৃ-ভাবে সমাজ হিতকর কাজে যোগদান করিতে উৎসাহিত করিতেন। তাঁহাদের উৎসাহ উদ্দীপনাময়ী বক্তৃতা ও ধর্ম্মভাবপূর্ণ ওয়াজ শ্রবণে ক্রমে জনসাধারণ গৃহবিবাদের সর্ব্বনাশকর অনিষ্টকারিতা এবং একতা ও ভ্রাতৃভাবের মহাত্মা-গরিমা বুঝিতে সমর্থ হয়। রাজশাহী, ত্রিপুরা, পশ্চিমগাঁও, কলিকাতা, পূর্ণিয়া ও বর্দ্ধমান প্রভৃতি সর্ব্বস্থানেই এরূপ আলেম-সম্মিলনী দ্বারা সামাজিক উন্নতি, জাতীয় ভাব ও ধর্ম্মের প্রভাব প্রবলতর করিতে যথেষ্টরূপে চেষ্টা করা হইয়াছিল। বেহারের প্রসিদ্ধ ওয়ায়েজ—মৌলানা শাহ সোলেমান ফুলওয়াড়ী, স্বনামখ্যাত আলেম মৌলানা কাদের বখ্‌শ প্রভৃতি মহোদয়গণ অনেক সম্মিলনীতে যোগদান পূর্ব্বক জনমণ্ডলীকে তাঁহাদের সারগর্ভ উপদেশমালায় ভূষিত করিয়া ছিলেন। স্বর্গীয় মুন্‌শী মেহেরউল্লা সাহেবের অসাধারণ বাগ্মিতাপূর্ণ উপদেশাদিও সমাজের গৃহবিবাদ নিবারণ ও সাম্প্রদায়িক বিদ্বেষ বিদূরণে যথেষ্ট সহায়তা করিয়াছিল। তাঁহাদের সেই সাধুচেষ্টার ফলস্বরূপ বিগত ১০।১২ বৎসর পূর্ব্বে হানিফী-মোহাম্মদী ও শিয়া-সুন্নীর মধ্যে যেরূপ সাম্প্রদায়িক হিংসা বিদ্বেষ ও বিবাদবিসম্বাদ ছিল তাহা এক্ষণে অনেকপরিমাণে অন্তর্হিত হইয়া গিয়াছে। তাঁহাদের সেই নিস্বার্থ চেষ্টা যে বর্ত্তমান আলেম-সমিতি গঠনে বিশেষ সহায়তা করিয়াছে তাহা বলাই নিষ্প্রয়োজন। শিক্ষা সমিতির সঙ্গে সঙ্গে কয়েক বৎসর আলেমগণের সম্মিলন এবং যথা নিয়মে ওয়াজ বক্তৃতাদির কার্য্য পরিচালিত হইলেও তাহা শিক্ষা-সমিতির অঙ্গীভূত হইয়াই ছিল। এস্‌লাম-মিশন ও আলেম-সমিতির কোন স্বতন্ত্র অস্তিত্ব স্থাপিত হইয়া ছিল না।

দ্বিতীয় পর্য্যায়।

১৯০২ খ্রীষ্টাব্দ হইতে এসলাম-মিশনের কল্পনা জল্পনা ও তাহার আংশিক কার্য্য-প্রণালীর সূত্রপাত হইলেও তাহা ১৯১৩ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত কোনরূপ শৃঙ্খলিত ও বিধিবদ্ধাবস্থায় আত্মপ্রকাশ করার সুযোগ পায় নাই। এমন কি এস্‌লাম মিশনের প্রস্তাবটী একপ্রকার চাপা পড়িয়া গিয়াছিল —ও অত্যুক্তি হইবে না।

প্রস্তাবাবলী।

পঞ্চম প্রস্তাব।

এই সভার মতে, বর্ত্তমান আরবী শিক্ষার যথোচিত সংস্কার সাধনপূর্ব্বক তাহাকে সাময়িক অভাব বিমোচনের অনুকূল করা, বিশেষতঃ ইংরেজী, বাঙ্গালা, ভূগোল, ইতিহাস ও আধুনিক দর্শন বিজ্ঞানকে পাঠ্য ভুক্ত করিয়া আরবী শিক্ষার পূর্ণতা সাধন করা একান্তই প্রয়োজনীয়।

ষষ্ঠ প্রস্তাব।

বিশেষ কার্য্যকরী ও হিতকর নীতি অবলম্বনে আধুনিক প্রণালীতে মুসলমান সমাজে জ্ঞান বিতরণ, ধর্ম্ম বিস্তার ও ভিন্ন ধর্ম্মাবলম্বীদিগের মধ্যে, ইসলামপ্রচারের বিশেষ ব্যবস্থা করা এবং এই মহৎ উদ্দেশ্য সম্পাদন কল্পে একদল প্রচারক প্রস্তুত এই আঞ্জমনের একটি বিশেষ কার্য্য বলিয়া পরিগণিত হওয়া আবশ্যক।

সপ্তম প্রস্তাব।

বর্ত্তমান যুগের অভাব মোচনের প্রতি লক্ষ্য রাখিয়া উচ্চ আরবী শিক্ষার পূর্ণতা সম্পাদন-কল্পে অতি উচ্চাঙ্গের একটী আদর্শ মাদ্রাসা স্থাপন করা এবং আবশ্যক ও সুযোগমতে মফঃস্বলের স্থান বিশেষে তাহার শাখা বিদ্যালয় প্রতিষ্ঠিত করা এই সমিতির অন্যতম মুখ্য উদ্দেশ্য থাকিবে।

অষ্টম প্রস্তাব।

আঞ্জমনের উদ্দেশ্যাবলী কার্য্যে পরিণত করার জন্য ওশর, জকাৎ, ওয়াজেব ও নফল সদকার কিয়দংশ লইয়া এবং মুষ্টির চাউল ও অন্যান্য সদুপায় অবলম্বনে "বয়তুলমাল-তহবিল" নামে একটী ফণ্ড স্থাপিত করা একান্ত আবশ্যক।

নবম প্রস্তাব।

প্রস্তাবিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহিত "ইস্‌লামিক-ষ্টাডিজ" নামে আরবী শিক্ষার যে বিভাগ রাখার প্রস্তাব হইয়াছে এই সমিতি উক্ত প্রস্তাবের মূল পদ্ধতির সমর্থন করিতেছেন।

দশম প্রস্তাব।

এই সমিতির মতে জাতীয় উন্নতি-সাধন ও এস্‌লাম ধর্ম্ম-বিধানের মর্য্যাদা রক্ষা কল্পে সাময়িক আলেমমণ্ডলী ও সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের পক্ষে সমাজে স্ত্রী-শিক্ষা বিস্তারের প্রতি মনোনিবেশ করা একান্ত কর্ত্তব্য।

একাদশ প্রস্তাব।

যেহেতু বঙ্গদেশের প্রাইভেট মাদ্রাসা সমূহ কোনরূপ সুনিয়মাধীনে শৃঙ্খলিত নহে, এজন্য ঐ সকল মাদ্রাসার শিক্ষা, দীক্ষা ও পরীক্ষা গ্রহণাদি বিষয় কোনই বন্দোবস্ত নাই; পরন্তু সর্ব্বদা নানাবিধ অসুবিধা ও বিশৃঙ্খলা উপস্থিত হইয়া থাকে। অতএব আঞ্জমনের মতে প্রাইভেট মাদ্রাসা সমূহের শিক্ষক ও পরিচালকগণের পক্ষে তাঁহাদের বিদ্যালয়সমূহের সুচালন ও শৃঙ্খলা-বিধান-কল্পে তাঁহাদের মনোনীত ও গঠিত একটী কমিটি কিম্বা এই আঞ্জমনের হস্তে তাঁহাদের বিদ্যালয়সমূহের শৃঙ্খাবিধানের ভার অর্পণ করা আবশ্যক।

রিপোর্ট।

১৯১৩ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারী মাসে বগুড়া বাণিয়াপাড়া গ্রাম হইতে দিনাজপুর জেলার পার্ব্বতীপুরের নিকটবর্ত্তী নুরুলহুদা গ্রামের প্রসিদ্ধ আলেম স্বজাতিবৎসল, সমাজহিতৈষী, অলস্ত-উৎসাহী মৌলানা আবদুল্লাহেল বাকী সাহেব ও তাঁহার সহকারী বন্ধু বাণিয়াপাড়া মাদ্রাসার কতিপয় শিক্ষক ও পরিচালক বঙ্গীয় আলেম-সমিতি-গঠনের প্রতি নব উদ্যমে অগ্রসর হন। মোহাম্মদী কাগজের আন্দোলন আলোচনা এবং নিমন্ত্রণ-পত্রদ্বারা দেশের প্রসিদ্ধ আলেম ও প্রচারক এবং বক্তা ও অন্যান্য সমাজহিতৈষী ব্যক্তিদিগকে সাদরে আহ্বান করা হয়।

বাণিয়াপাড়া সভা।

১৯১৩ সালের ১৫ই, ১৬ই ও ১৭ই মার্চ্চ তারিখে বগুড়া জেলার অন্তর্গত জয়পুরহাট ষ্টেশনের অনতিদূরবর্ত্তী বাণিয়াপাড়া গ্রামে আলেম-সমিতির আনুষ্ঠানিক সভার অধিবেশন হয়। মোহাম্মদী-সম্পাদক মৌলবী মোহাম্মদ আকরম খাঁ সাহেব এই সভার সভাপতিত্ব করেন। সভাপতির সারগর্ভ অভিভাষণ প্রথম বর্ষের রিপোর্টে মুদ্রিত হইয়া গিয়াছে। ৪।৫ হাজার লোকের সমবায়ে তিন দিন ব্যাপিয়া মহা সমারোহের সহিত সভার কার্য্য সুচারুরূপে নির্ব্বাহিত হয়।

এই আলেমসম্মিলনীতে সমগ্র বঙ্গদেশের সমবেত শক্তি লইয়া এস্‌লাম-মিশন ও সমাজ-সংস্কার এবং জাতীয় উন্নতি-সাধন-কল্পে "আঞ্জমনে-ওলামা" নামক একটি স্থায়ী সভার ভিত্তি প্রতিষ্ঠিত হয়।

প্রথম সভার কার্য্য বিবরণী।

আঞ্জমনে-ওলামার আনুষ্ঠানিক সভার যে ভাবে কার্য্য হইয়াছিল এবং সভায় যে সকল প্রস্তাব বিধিবদ্ধ হইয়াছিল, তাহার বিস্তৃত বিবরণ প্রথম অধিবেশনের রিপোর্টে প্রকাশিত হইয়া গিয়াছে। নিম্নে কেবল সেই সভার প্রস্তাবাদির প্রতিলিপি প্রকাশ করা হইল। যথা—

প্রথম অধিবেশনের প্রস্তাবাবলী।

প্রথম প্রস্তাব।

এই সম্মিলনীর নাম "আঞ্জমনে-ওলামায়-বাঙ্গালা" অর্থাৎ বঙ্গীয় আলেম-সমিতি করা হউক।

দ্বিতীয় প্রস্তাব।

এই আঞ্জমনের কার্য্য, আপাততঃ যুক্তবঙ্গের মধ্যেই সীমাবদ্ধ থাকিবে এবং প্রত্যেক বৎসর এই প্রদেশের কোন এক অংশে ইহার বার্ষিক অধিবেশন হইবে।

তৃতীয় প্রস্তাব।

কলিকাতা মহানগরী এই আঞ্জমনের সদর মোকাম বা কেন্দ্রস্থল হইবে এবং প্রত্যেক জেলাতে ইহার শাখা সমিতি গঠিত হওয়া আবশ্যক।

চতুর্থ প্রস্তাব।

এই সভার মতে সাময়িক আলেমমণ্ডলীর পরস্পর মনোমালিন্য, হিংসা বিদ্বেষ ও সঙ্কীর্ণতা দূরীভূত হওয়া এবং তাঁহাদের মধ্যে একতা ও সম্প্রীতি স্থাপিত হওয়া একান্ত প্রয়োজনীয়।

দ্বাদশ প্রস্তাব।

সমিতির মতে শাদীগমীর প্রথা-পদ্ধতি প্রতিপালন ক্ষেত্রে যথাসম্ভব অপব্যয় নিবারণ করা এবং সমাজে যথা সাধ্য মিতব্যয় ও সংক্ষেপ নীতির প্রচলন করা অনিবার্য্য কর্ত্তব্য।

ত্রয়োদশ প্রস্তাব।

এই আঞ্জমনের মতে বর্ত্তমান বলকান যুদ্ধে হতাহত সৈন্যগণের পরিবারবর্গের ও বিপন্ন তুর্কী-দিগের আর্থিক সাহায্য-কল্পে চাঁদা দান করা এবং তুর্কী গবর্ণমেণ্টকে ঋণদানের প্রস্তাব কার্য্যে পরিণত করণ বিষয় প্রাণপণে চেষ্টা করা প্রত্যেক মোসলমানের পক্ষে একান্ত কর্ত্তব্য।

চতুর্দ্দশ প্রস্তাব।

মোসলমানগণের মধ্যে যে সকল ধর্ম্ম বিগর্হিত অবৈধরীতি-নীতির প্রচলন আছে তন্নিবারণ-কল্পে আলেমমণ্ডলী ও সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের পক্ষে যত্নবান হওয়া বিশেষ প্রয়োজনীয়।

পঞ্চদশ প্রস্তাব।

যেহেতু মোসলমানগণ সামান্য সামান্য বিষয় লইয়া পরস্পর মামলা মোকদ্দমায় লিপ্ত হইয়া পরিণামে সর্ব্বস্বান্ত হইয়া থাকে এজন্য এই সমিতির মতে সম্ভবপর মোকদ্দমা-সমূহ গ্রাম্য পঞ্চায়িতী বা সালিশী বিচারদ্বারা মীমাংসার চেষ্টা করা কর্ত্তব্য।

ষষ্ঠদশ প্রস্তাব।

নিম্নলিখিত মেম্বর ও কর্ম্মচারগিণকে লইয়া আঞ্জমনে-ওলামায় কার্য্যনির্ব্বাহক কেন্দ্র সভা গঠিত হউক এবং নির্ব্বাচিত মেম্বরদিগকে আবশ্যকমতে আরও মেম্বরসংখ্যা বৃদ্ধি করার ক্ষমতা দেওয়া হউক।

মৌলানা শাহ ছুফী হাজী মোহাঃ আবুবকর সাহেব (হুগলী) ও মৌলানা সৈয়দ মোহাম্মদ-মুসা (বৰ্দ্ধমান) সভাপতি। মৌলবী ওয়াহেদ হোসেন বি, এল, ও মৌলবী আবদুররহমান খাঁ সহকারী সভাপতি। মৌলবী মোহাঃ আকরম খাঁ সেক্রেটারী। মৌলবী মোহাঃ মনিরুজ্জমান-এসলামাবাদী জয়েন্ট সেক্রেটারী। মৌলবী শহিদুল্লা এম, এ, সহকারী সেক্রেটারী। আবদুল হামিদ খাঁ সওদাগর ক্যাশিয়ার। বিভাগীয় সেক্রেটারীগণ যথা—মৌলানা আবদুল্লাহেল বাকী রাজশাহী বিভাগ, মৌলবী আব্বাস আলী সেক্রেটারী প্রেসিডেন্সী বিভাগ। মৌলবী কাজী নওয়াজ খোদা সেক্রেটারী বৰ্দ্ধমান বিভাগ। মৌলানা ওবায়দুল হক সেক্রেটারী চট্টগ্রাম বিভাগ। মৌলবী হাফেজ আবদুররজ্জাক, ঢাকা বিভাগ।

কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরগণের নাম।

মৌলবী আবু ইউনুস মোহাম্মদ হোসেন দিনাজপুর, মৌলবী আবদুল গফুর ও মৌলবী ইউসফ মাহমুদী দিনাজপুর। মৌলবী মোহাম্মদ শরিয়তুল্লা, মৌলবী সৈয়দ আমানত আলী ও মৌলবী আবদুল মান্নান, রংপুর। মৌলবী আবদুসছত্তার, মৌলবী মোহাম্মদ হোসেন, মৌলবী কাজী রইসউদ্দীন, বগুড়া। মৌলবী আবদুললতিফ হুগলী। মৌলানা ন্যামতুল্লা বৰ্দ্ধমান, মৌলবী

সৈয়দ শমসুজ্জোহা, বীরভূম। মৌলবী হেফাজতুল্লা, মুর্শিদাবাদ। মৌলবী ইসহাক নদীয়া। মৌলবী রুহলআমিন ও মৌলবী আইনউদ্দীন ২৪ পরগণা। মৌলবী আবদুল্লতিফ, মৌলবী বনিয়ামিন খাঁ চৌধুরী খুলনা। মৌলবী শাহ আবদুররহমান, মৌলবী মেহেরুল্লা যশোহর। মৌলবী আবদুল্লাহেল মামুন সহরওয়ার্দ্দী মেদিনীপুর। মৌলবী মোহাঃ আসিরউদ্দীন জলপাইগুড়ী।

সপ্তদশ প্রস্তাব।

আঞ্জমন সংক্রান্ত নিয়মাবলী প্রণয়ন জন্য নিম্নলিখিত মেম্বরগণকে লইয়া একটী সব কমিটি গঠন করা হউক, মেম্বরগণ যথা—

মৌলানা মোহাম্মদ আকরম খাঁ।
মৌলানা মোহাম্মদ মনিরজ্জমান ইস্‌লামাবাদী।
মৌলানা আবদুল্লাহেলবাকী।
মৌলানা আব্বাস আলী।
মৌলবী শহিদুল্লা, এম, এ।

কার্য্যের সূত্রপাত।

এস্‌লাম-মিশন-ফণ্ড।

আঞ্জমনের প্রধান উদ্দেশ্যাবলীর মধ্যে এস্‌লাম-মিশন বা এস্‌লাম-প্রচার অন্যতম। প্রচার-কার্য্যে হস্তক্ষেপ করার পূর্ব্বে মিশন-ফণ্ড বা প্রচার-তহবিল গঠন করা আবশ্যক বিবেচনা করিয়া আঞ্জমনের জয়েন্ট সেক্রেটারী এস্‌লামাবাদী সাহেবের প্রস্তাব ও উদ্যোগক্রমে বিগত ১৩২০ সালের কার্ত্তিক মাসে ঈদল-আজহার দুই তিন সপ্তাহ পূর্ব্ব হইতে মোহাম্মদী সংবাদ পত্রে ইস্‌লাম-মিশনের আবশ্যকতা এবং মিশন-ফণ্ড স্থাপনের প্রয়োজনীয়তার বিষয় ধারাবাহিকরূপে প্রবন্ধ প্রকাশিত হইতে থাকে। ঈদের পূর্ব্ব সপ্তাহে মোহাম্মদী কাগজের মধ্যস্থতায় উক্ত পত্রিকার সহৃদয় গ্রাহক-বর্গের নিকট ক্রোড়পত্র বিতরণ পূর্ব্বক কোরবানীর চামড়ার মূল্যের কিয়দংশ এস্‌লাম-মিশন-ফণ্ডে দান করার জন্য অনুরোধ করা হয়। আঞ্জমনের এই খালেছ-প্রার্থনা সমাজের প্রাণে লাগিয়াছিল। দেশের নানা দিক হইতে সহানুভূতির লক্ষণ প্রকাশ পায়। মোহাম্মদীর স্বধর্ম্মপরায়ণ সমাজহিতৈষী গ্রাহক ও পাঠকগণ বিশেষ যত্ন সহকারে মিশন-ফণ্ডের চাঁদা প্রদান ব্যাপারে তৎপরতার পরিচয় প্রদান করেন। কোরবানীর চামড়ার মূল্যের কিয়দংশ অনেকেই চাঁদা স্বরূপ প্রেরণ করেন। এরূপে বঙ্গদেশের নানা স্থানে ইস্‌লাম-মিশন প্রতিষ্ঠা এবং তজ্জন্য চাঁদা সংগ্রহ উদ্দেশ্যে সভা সমিতি আহুত হয়। স্বজাতি বৎসল ব্যক্তিগণ চাঁদা সংগ্রহ ব্যাপারে বিশেষ আগ্রহ ও উৎসাহ প্রদর্শন করেন। চাঁদা দানকারী এবং চাঁদা সংগ্রহকারীগণের নাম ও চাঁদার পরিমাণ ধারাবাহিকরূপে মোহাম্মদী পত্রিকার সাময়িক সংখ্যা সমূহে প্রকাশিত হইয়াছিল।

আঞ্জমনের অনারেরী সেক্রেটারী—

মৌলানা মোহাম্মদ আকরম খাঁ সাহেব এক কালীন মঃ ১০০০৲ এক হাজার টাকা ইস্‌লাম-মিশন-ফণ্ডে দান করিয়া আঞ্জমনের উদ্যোগী মেম্বরগণের উৎসাহ বর্দ্ধন করিয়াছেন। এরূপে আঞ্জমনের অন্যতম প্রাণ প্রতিষ্ঠাতা রাজসাহীবিভাগের সেক্রেটারী মৌলানা আবদুল্লাহেলবাকী সাহেব আঞ্জমনের সাধারণ ফণ্ডে এক কালীন ৫০০৲ টাকা দান করিয়া সকলের প্রাণে নূতন আশা ও উৎসাহের সঞ্চার করিয়াছেন। আঞ্জমনের বিস্তারিত জমা খরচের হিসাব স্থানান্তরে প্রকাশিত হইতেছে।

পুস্তকালয়।

ইস্‌লাম-মিশনের কার্য্যে হস্তক্ষেপ করার পূর্ব্বে প্রচারকগণের অনুশীলন জন্য মিশন সংক্রান্ত ও নানাপ্রকার ধর্ম্মতত্ত্ব ও ইতিহাস সংক্রান্ত বহি পুস্তক সংগৃহীত হওয়া একান্ত আবশ্যক বলিয়া আঞ্জমন পুস্তকালয় স্থাপনের প্রতি বিশেষ ভাবে মনোযোগী হইয়াছেন। ইতঃমধ্যে কোরআন, তফ্‌সীর হাদিছ, হাদিছের ব্যাখ্যা, ফেকা, উসুলে হাদিছ, ইতিহাস, তর্কশাস্ত্র, বিভিন্ন ধর্ম্মাবলম্বিগণের ধর্ম্মগ্রন্থ, জাতীয় ইতিহাস, ইস্‌লাম ধর্ম্ম সংক্রান্ত পুরাতন ও আধুনিক প্রণালীতে লিখিত বিভিন্ন প্রকারের বহুসংখ্যক পুস্তকাবলী আঞ্জমনের পুস্তকাগারে সংগ্রহ করা হইয়াছে ও হইতেছে। বঙ্গদেশের নানা স্থানে লাইব্রেরী আছে বটে, কিন্তু বর্ত্তমান সময়োপযোগী ইসলাম-মিশন বা ইসলাম-প্রচারের অনুকূল পুস্তকালয় একটীও নাই বলিলেও অত্যুক্তি হয় না। আঞ্জমন ক্রমে পুস্তকালয়ের পূর্ণতা সম্পাদনের চেষ্টা করিতেছে।

আঞ্জমনের লাইব্রেরীতে এপর্য্যন্ত যে সকল পুস্তক সংগৃহীত হইয়াছে তাহা বিষয় ও ভাষা বিভাগানুযায়ী নিম্নে বর্ণিত হইল।—

ভাষা—		পুস্তকের সংখ্যা—		মোট পৃষ্ঠা।
		১। তফসীর।		
আরবী	...	৩২	...	৮৩৪০
পার্সী	...	১	...	+
উর্দ্দূ	...	১৮	...	৫৬০৮
বাঙ্গালা	...	১	...	৩৫১
		৫২	...	১৪২৯৯
		২। হাদিছ।		
আরবী	...	৪৫	...	১৯৭৬২
উর্দ্দূ	...	৯	...	২৮৬৯
পার্সী	...	১	...	৬১৫
বাঙ্গালা	...	১	...	৩১৬

রেজিঃ নং	নাম।	গ্রাম।	পোষ্ট।	টাকা।
			জের	৫৯৲
১৪৬৫	মুঃ পেয়ার মোহাম্মদ শাহ সাহেব ...	শিয়ালী ...	ধুনট ...	১৲
১৪৬৬	মুঃ মনিরউদ্দিন সরকার সাহেব ...	কালেরপাড়া ...	" ...	১৲
১৫০৩	মুঃ এবারতুল্লা সরকার সাহেব ...	" ...	" ...	১৲
১৫০৪	মুঃ কবুলউদ্দিন সরকার সাহেব ...	" ...	" ...	১৲
১৫০৫	মুঃ উদা সরকার সাহেব ...	" ...	" ...	১৲
১৫০৬	মুঃ ইউছফউদ্দিন খোন্দকার সাহেব ...	" ...	" ...	১৲
১৫০৭	মুঃ হোরমতুল্লাহ সরকার সাহেব ...	রাঙ্গামাটী ...	এলাঙ্গী ...	১৲
১৫০৮	মুঃ সোনাউল্লাহ সরকার সাহেব ...	× ...	এলাঙ্গী ...	১৲
১৫০৯	মুঃ আছমতুল্লাহ জোয়ারদার সাহেব	কান্তনগর ...	ধুনট ...	১৲
১৫১০	মুঃ মিজানর রহমান জোয়ারদার সাহেব	" ...	" ...	১৲
১৫১১	মৌঃ ওয়াছিমউদ্দিন আহমদ সাহেব ...	ঝিনাই ...	" ...	১৲
১৫১২	মুঃ ছহিমউদ্দিন সরকার সাহেব ...	রামবাড়ী ...	চন্দনবাইসা ...	১৲
১৫১৩	মুঃ বায়েজউদ্দিন সরকার সাহেব ...	বোহালি ...	" ...	১৲
১৫১৪	মুঃ মোহাঃ এছমাইল উদ্দিন সাহেব ...	" ...	" ...	১৲
১৫১৫	মুঃ তারিফউল্লাহ সাহেব ...	শাকদহ ...	" ...	১৲
১৫১৬	মুঃ মোহাঃ বায়তুল্লাহ সাহেব ...	+ ...	" ...	১৲
১৫১৭	মুঃ জামাতুল্লাহ সাহেব ...	হলদিয়া ...	জুমারবাড়ী ...	১৲
১৫১৯	মুঃ মজিতুল্লাহ আকন্দ সাহেব ...	জামিরার চর ...	রাধিকানগর ...	১৲
১৫২১	হাজী জমিরউদ্দিন সাহেব ...	ধরবন্দ ...	" ...	১৲
১৫২২	মুঃ কান্দু প্রামাণিক সাহেব ...	তীতপরল ...	" ...	১৲
১৫২৩	মুঃ কেয়ামতুল্লাহ সাহেব	" ...	" ...	১৲
১৫২৪	মুঃ শোকর আলি সাহেব ...	মিলনেরপাড়া ...	জুমারবাড়ী ...	১৲
১৫২৫	মুঃ সৈয়দ আলি মণ্ডল সাহেব ...	আচারের পাড়া	রাধিকানগর ...	১৲
১৫২৬	মুঃ ওমর আলি সাহেব	ভাটীয়ারপাড়া ...	জুমারবাড়ী ...	১৲
১৫২৭	মুঃ ইউছফউদ্দিন ফকির সাহেব ...	মানবান্ধা ...	রাধিকানগর ...	১৲
১৫২৮	মুঃ দেরাছতুল্লা আকন্দ সাহেব ...	শ্যামপুর ...	" ...	১৲
১৫২৯	মুঃ আছানজ্জমান মণ্ডল সাহেব ...	সাতবেঁকী ...	জুমারবাড়ী ...	১৲
১৫৩০	মুঃ মেহেরউল্লাহ মণ্ডল সাহেব ...	" ...	" ...	১৲
১৫৩১	মুঃ গোলাম হোছেন সরকার সাহেব	হুয়াকুয়া ...	রাধিকানগর ...	১৲
১৫৩২	মুঃ করিমউদ্দিন আকন্দ সাহেব ...	পাকুল্লা ...	" ...	১৲
				৮৯৲

৯। লোগৎ বা অভিধান।

আরবী	...	৭	...	৪৪৮১
পার্সী	...	২	...	১২০৬
বাঙ্গালা	...	১	...	১২২৬
ইংরেজী	...	৫৪	...	৪১৭৮৪
	...	৬৪	...	৪৮৬৯৭

১০। তর্কশাস্ত্র।

আরবী	...	৩১	...	৭৫১৫
উর্দ্দু	...	১৯৬	...	২০৮৭০
পার্সী	...	৩	...	৩৭৮
বাঙ্গালা	...	১৬	...	৮২৫
ইংরেজী	...	১	...	৮০
	...	২৪৭	...	২৯৬৬৮
Grand Total :—		৭১৬		২১৪১১৩

শাখা সমিতি।

আঞ্জমনে-ওলামা প্রতিষ্ঠিত হওয়ার পর হইতে এযাবৎ মফস্বলের যে সকল স্থানে আঞ্জমনের শাখা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে এবং শাখা সমিতি সমূহের অধীনে যে সকল স্কুল, মাদ্রাসা ও মকতব পরিচালিত হইতেছে তাহার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হইল।—

১। কৃষ্ণপুর-শাখা সমিতি।

এই শাখা সভার অধীন রংপুর জেলার অন্তর্গত কৃষ্ণপুর-নূরল হুদা এম, ই স্কুল নামক একটি স্কুল সুচারুরূপে পরিচালিত হইতেছে। এই স্কুল আঞ্জমনে-ওলামার রাজশাহী বিভাগের সেক্রেটারী মৌলানা আবদুল্লাহেল বাকী সাহেবের প্রযত্নে ১৯১৪ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত। শাখা সমিতি, স্কুলের গৃহ নির্ম্মাণে ১০০০৲ এবং আসবাব-পত্র ক্রয় করিতে এযাবৎ ৫০০৲ টাকা খরচ করিয়াছে। স্কুলের বার্ষিক ব্যয় ১৮০০৲। বর্ত্তমানে ৬জন শিক্ষক আছেন, ছাত্র সংখ্যা ১২০ জন। ছেলেদিগকে ধর্ম্মবিষয় শিক্ষা দিবার প্রতিও বিশেষ দৃষ্টি রাখা হয়। এই সভার তহবিলে ৩৫০০৲ টাকা সংগৃহীত হইয়াছে। এযাবৎ প্রায় ১০০টি মোকদ্দমা আপোষে নিষ্পত্তি হইয়াছে।

এই শাখা সমিতির সভাপতি—মৌলানা আবদুল্লাহেল বাকী।

সেক্রেটারী—মুন্‌শী মেহেরউদ্দীন সরদার।

২। পার্ব্বতীপুর নূরল হুদা শাখা সমিতি।

এই শাখা সমিতি রাজশাহী বিভাগের সেক্রেটারী মৌলানা আবদুল্লাহেল বাকী সাহেব কর্ত্তৃক স্থাপিত ও পরিচালিত। দিনাজপুর জেলার অধীন আটরাই গ্রামে ১৯০৬ খৃষ্টাব্দ হইতে নূরল হুদা-মাদ্রাসা নামে একটি মাদ্রাসা স্থাপিত ছিল। আঞ্জুমনে-ওলামা প্রতিষ্ঠিত হওয়ার পর হইতে উক্ত মাদ্রাসা আঞ্জমনের শাখা সভার অধীনে পরিচালিত হইয়া আসিতেছে। এই মাদ্রাসার গৃহ নির্ম্মাণে শাখা সভা ৩০০৲ ব্যয় করিয়াছে। মাদ্রাসার বার্ষিক ব্যয় ৭২০৲, বর্ত্তমানে মাদ্রাসায় ৪জন মুদাররেছ ও ৫০ জন তালেবুল এলম আছেন।

এই শাখা সভার অধীনে নূরল হুদা এম, ই স্কুল নামে আর একটি স্কুল দক্ষতার সহিত পরিচালিত হইতেছে। স্কুলটি ১৯১৪ খৃষ্টাব্দে স্থাপিত। গৃহ নির্ম্মাণে ব্যয় পড়িয়াছে ১২৫০৲, আছবাবপত্রে ৫৫০৲, বার্ষিক ব্যয় ১৩২০৲। বর্ত্তমানে ৬জন শিক্ষক কাজ করিতেছেন, ছাত্র সংখ্যা ৯০ জন। এই শাখা সমিতির অধীন একটী পুস্তকালয় আছে। এই পুস্তকালয়ে এরূপ বহু মূল্যবান ও দুষ্প্রাপ্য আরবী, পার্শী পুস্তক আছে যাহা বঙ্গদেশের অন্যত্র কোথাও নাই বলিলে অত্যুক্তি হইবে না।

২। জুমারবাড়ী শাখা সমিতি।

এই সমিতিও রাজশাহী বিভাগের সেক্রেটারী সাহেব ও তাঁহার সহকারিগণ কর্ত্তৃক স্থাপিত। এই শাখা সভার অধীনে রংপুর জেলার এলাকাধীন জুমারবাড়ী গ্রামে একটি আরবী মাদ্রাসা ১৯[illegible] খৃষ্টাব্দে স্থাপিত হইয়াছে। গৃহ নির্ম্মাণে ব্যয় পড়িয়াছে ৪৫০৲, আছবাবপত্রে ২২৫৲, বার্ষিক ব্যয় ৬৩৬৲। অনেক গরীব ছাত্র এই সমিতি কর্ত্তৃক সাহায্য প্রাপ্ত হইয়া থাকে। সমিতি এই যাবৎ ২৫০০৲ সংগ্রহ করিতে সমর্থ হইয়াছে। সমিতি ১৫০টি মোকদ্দমা ছালিছী বিচারে নিষ্পত্তি করিয়াছে।

এই শাখা সভার সভাপতি—মৌলানা আবদুল্লাহেল বাকী।

সেক্রেটারী—মুন্‌শী শকুরুল্লাহ।

৩। খোলাহাটী শাখা সমিতি।

রংপুর জেলার এলাকাধীন গাইবান্ধা মহকুমার অন্তর্গত কুপতলা নামক গ্রামে এই শাখা সভা স্থাপিত। এই সমিতির তত্ত্বাবধানে বালুয়া মোকামে একটি আরবী মাদ্রাসা চলিতেছে। মাদ্রাসাটী ১৯১৬ খৃষ্টাব্দে রাজশাহী বিভাগের সেক্রেটারী সাহেবের উদ্যোগে প্রতিষ্ঠিত। মাদ্রাসার গৃহ নির্ম্মাণে ব্যয় পড়িয়াছে ৬০০৲ আছবাবপত্রে ২৫০৲, বার্ষিক ব্যয় ৩৬০৲। বর্ত্তমানে ২জন শিক্ষক নিযুক্ত আছেন। ছাত্র সংখ্যা ৬০ জন। এই শাখা সভা এযাবৎ ৫০০০৲ সংগ্রহ করিয়াছে। সমিতির পক্ষ হইতে ২জন আই, এ শ্রেণীর ছাত্রকে মাসিক ৯৲ বৃত্তি দেওয়া হয়।

এই শাখা সভার চেষ্টায় এযাবৎ প্রায় ৭শত মোকদ্দমা সালিছী বিচারে নিষ্পত্তি হইয়াছে।

সভাপতি—মৌলানা আবদুল্লাহেল বাকী সাহেব।

সেক্রেটারী—মুন্‌শী আইনুদ্দীন আহমদ।—সহকারী সেক্রেটারী মুনশী খোদাবখশ সরকার।

৪। শেরুডাঙ্গা শাখা সমিতি।

রংপুর জেলার এলাকাধীন শেরুডাঙ্গা নামক গ্রামে এই শাখা সভা প্রতিষ্ঠিত। রাজশাহী বিভাগের সেক্রেটারী সাহেব এই শাখা সভা ও সভাধীন মাদ্রাসা স্থাপনের প্রধান উদ্যোগী। স্থানীয় মোছলমানগণও ইহাতে যথেষ্ট উৎসাহ ও সাহায্য দান করিয়াছেন। এই মাদ্রাসাটি ১৯১৬ খৃষ্টাব্দে স্থাপিত। মাদ্রাসা গৃহ নির্ম্মাণে ৬৫০৲ খরচ পড়িয়াছে। আছবাবপত্র খরিদ করিতে প্রায় ২০০৲। বার্ষিক ব্যয় ৩৮৪৲। বর্ত্তমানে ৩ জন শিক্ষক ও ৫৫ জন ছাত্র আছেন।

সভাপতি—মৌলানা মজকুর সাহেব।

সম্পাদক—মুন্‌শী আবদুল বাকী তালুকদার।

৫। খড়িয়াবাধা—শাখা সমিতি।

রংপুর জেলার এলাকাধীন খড়িয়াবাধা নামক গ্রামে এই শাখা সভা স্থাপিত। এই শাখা সভা কর্ত্তৃক ১৯১৫ খৃষ্টাব্দ হইতে একটি মাদ্রাসা পরিচালিত হইয়া আসিতেছে। মাদ্রাসার গৃহ নির্ম্মাণে ও আছবাবপত্র ক্রয় করিতে খরচ পড়িয়াছে ৫৫০৲। বার্ষিক ব্যয় ৪২০৲। শিক্ষক সংখ্যা ৩ জন, ছাত্র সংখ্যা ৭০ জন। এই সমিতির চেষ্টায় ২০০ মোকদ্দমা আপোষে নিষ্পত্তি হইয়াছে।

সভাপতি—মৌলানা আবদুল্লাহেল বাকী সাহেব।

সম্পাদক—মুন্‌শী কছিরউদ্দীন আহমদ সাহেব।

৬। নদীয়া ভেড়ামারা শাখা-সমিতি।

নদীয়া জেলার অন্তর্গত ভেড়ামারা নামক স্থানে গত ৬ বৎসর পূর্ব্ব হইতে আঞ্জমনে-ইসলামিয়া নামে একটী সমিতি প্রতিষ্ঠিত ছিল। আঞ্জমনে-ওলামার প্রতিষ্ঠার পর ইহা আঞ্জমনে-ওলামায় বাঙ্গালার শাখা সমিতির অন্তর্ভুক্ত হইয়া তাহার তত্ত্বাবধানে চালিত হইতেছে। সমিতি নানাবিধ সমাজহিতকর কার্য্যে লিপ্ত আছে। এই শাখা সমিতির অধীনে একটী পাঠশালা সুচারুরূপে চালিত হইতেছে। এই শাখা সমিতির বার্ষিক অধিবেশনে নানা স্থান হইতে আলেম ও অন্যান্য বক্তা সাহেবান আসিয়া জনসাধারণকে উপদেশ দান করিয়া থাকেন।

৭। খানখানাপুর শাখা-সমিতি।

ফরিদপুর জেলার অধীন খানখানাপুরে গত ফাল্গুন মাসে আঞ্জমনে সেয়াকতে ইসলাম নামক একটী শাখা সমিতি স্থাপিত হইয়াছে। তাহার বর্ত্তমান সভাপতি স্থানীয় প্রসিদ্ধ উকিল মৌলবী তমিজদ্দিন আহমদ সাহেব এম-এ, বি-এল, খানখানাপুর হাই স্কুলের আরবী শিক্ষক মৌলবী খোন্দকার মোমতাজদ্দিন সাহেব তাহার সম্পাদক। সমিতি এই অল্পদিনের পরিশ্রমে কুলুরজালা ও বাখলপুর গ্রামে দুইটি পাঠশালা স্থাপনপূর্ব্বক সুচারুরূপে চালাইতেছেন। অধিকন্তু স্বগ্রামের পূর্ব্বস্থাপিত মাদ্রাসা ও পাঠশালার গৃহ ও সরঞ্জামাদিতে যথেষ্ঠ আর্থিক সাহায্য করিয়াছেন। কতিপয় মেধাবী দরিদ্র ছাত্রের শিক্ষা-ভার সমিতি স্বয়ং গ্রহণ করিয়াছেন। সমিতির চেষ্টায় কতিপয় প্রাচীন আরবী পরসী গ্রন্থও সংগৃহীত হইয়াছে।

৮। মীর আহমদপুর শাখা-সমিতি।

"মীর আহমদপুর আঞ্জমনে-ওলামায় বাঙ্গালার শাখা সভা" নামে নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানা ও ছমির মুন্‌শীরহাট পোষ্টাফিসের অধীনে বর্ত্তমান বাঙ্গালা সনের ৩০শে জ্যৈষ্ঠ তারিখে মীর আহমদপুর গ্রামে স্থাপিত হয়। সমিতির তত্ত্বাবধানে একটী মক্তব স্থাপিত হইয়াছে। মৌলবী মোজাফফর হোছেন মিঞা তালুকদার সাহেব তাহার সভাপতি ও মৌঃ আমিনুদ্দিন আহমদ সাহেব তাহার সেক্রেটারী।

৯। ত্রিপুরা সঙ্গীশ্বর শাখা সমিতি।

ত্রিপুরা জেলার সঙ্গীশ্বর নামক স্থানে "খাদেমুল-এসলাম-সমিতি" নামে আঞ্জমনের এক শাখা প্রতিষ্ঠিত হইয়াছে। এই সমিতি আঞ্জমনের নিয়মাধীন থাকিয়া, সাহিত্যের উৎকর্ষসাধন ও স্থানীয় মোসলমানের মধ্যে একতা ও সম্প্রীতি স্থাপনে প্রয়াস পাইতেছে।

১০। ঢাকা বড়চাঁপা শাখা-সমিতি।

ঢাকা জেলার অন্তর্গত মনোহরদি থানার এলাকাধীন বড়চাঁপা গ্রামে গত ৩০শে কার্ত্তিক এক শাখা-আঞ্জমন প্রতিষ্ঠিত হইয়াছে। মৌলবী এ, এফ, এম-এ মন্নান সাহেব তাহার সভাপতি। মুন্‌শী জহিরদ্দিন সাহেব তাহার সেক্রেটারী। সমিতির পক্ষ হইতে মৌলবী আজিমুদ্দিন আহমদ সাহেব প্রচারক নিযুক্ত হইয়াছেন। সমাজের দলাদলি, বিবাদ-বিসংবাদ মিটাইবার জন্য সমিতি প্রাণপণ চেষ্টা করিতেছে। সমিতি গ্রামে শিক্ষা-বিস্তারের প্রতিও বিশেষ যত্ন প্রকাশ করিতেছে। গ্রামবাসীরা যাহাতে ধর্ম্মনীতি পালন পূর্ব্বক সকলে খাঁটী মোছলমান নামে অভিহিত হইতে পারে তজ্জন্য প্রাণপণে চেষ্টা করিতেছে। সমিতির চেষ্টা কতকাংশে সফল হইয়াছে। বহু ধর্ম্মভাব-বর্জ্জিত লোক ধর্ম্মকর্ম্মে মনোনিবেশ করিয়াছে।

১১। চট্টগ্রাম—হাট হাজারী শাখা সমিতি।

চট্টগ্রাম, হাট হাজারী খাদেমুল-এসলাম-সোসাইটী আঞ্জমনের অধীন থাকিয়া সাহিত্য চর্চ্চায় মনোনিবেশ করিয়াছে। সমিতি হইতে হস্তলিখিত একখানি মাসিক পত্রিকা বাহির হয়। এবং তদধীনে একটী পাঠাগার স্থাপিত আছে। ইহাতে বিবিধ মাসিক ও সাপ্তাহিক পত্র রাখা হইয়াছে। এতদ্ব্যতীত প্রায় দেড়শত পুস্তক আছে। সমিতির বর্ত্তমান সম্পাদক এম, এ, মোন্‌এম সাহেব। এই শাখা সভার উৎসাহ উদ্যম প্রশংসার্হ।

১২। বরিশাল—হেতালিয়া শাখা সমিতি।

বাকেরগঞ্জ জেলার অন্তর্গত পারেরহাট পোষ্টাফিসের অধীন হেতালিয়া গ্রামে একটী শাখা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। সভাপতি কাছেরদ্দিন শিকদার সাহেব। মুন্‌শী আবদুল আজিজ সাহেব বর্ত্তমান সম্পাদক। সভাপতি ও সম্পাদকের অশেষ যত্নে একটী মক্তব ও একটী বালিকা বিদ্যালয় স্থাপিত হইয়া সুচারুরূপে পরিচালিত হইতেছে। দেশবাসী হইতে চাঁদা সংগ্রহ করিয়া আর একটী জুনিয়ার মাদ্রাসা খোলা হইয়াছে। সর্ব্বোপরি সমিতি ধর্ম্ম-চর্চ্চা ও সমাজে একতা, ভ্রাতৃভাব স্থাপনের জন্য যথেষ্ঠ আয়াস-স্বীকার করিতেছে।

১৩। ময়মনসিংহ,—ভোলামারী শাখা সমিতি।

জিলা ময়মনসিংহ গুণারীতলা পোষ্টাফিস অধীনে ভোলামারী গ্রামে গত ১৯০১ ইংরেজীতে একটী সমিতি স্থাপিত হয়। সমিতির পরিচালকবর্গ উক্ত সমিতিকে আঞ্জমনে-ওলামায় শাখা সমিতি শ্রেণীভূক্ত করিয়া পূর্ণ উদ্যমে কার্য্য চালাইতেছেন। সমিতি এখন নানা সমাজহিতকর কার্য্যে লিপ্ত হইয়াছে।

১৪। ময়মনসিংহ,—চন্দ্রকোণা শাখা সমিতি

ময়মনসিংহ, চন্দ্রকোণা পোষ্টাফিসাধীন আঞ্জমনে শওকতুল এসলাম নামে এক সমিতি বহুদিন হইতে প্রতিষ্ঠিত আছে। আঞ্জমনে ওলামায় বাঙ্গালার প্রতিষ্ঠার পর হইতেই ইহা তাহার শাখারূপে গণ্য হয়। ইহার সম্পাদক মৌলবী খোন্দকার আহমদ আলী আকালুবী সাহেব বিগত কয়েক বৎসর হইতে অবৈতনিক প্রচারকরূপে তিনি এই শাখা সভার পক্ষে প্রচার কার্য্য সম্পাদন করিয়া আসিতেছেন।

এই শাখা সমিতি, আঞ্জমনের কর্ত্তৃত্বাধীন থাকিয়া ধর্ম্ম ও শিক্ষা বিস্তারে মনোযোগী আছেন। সমিতি কর্ত্তৃক একটী বালিকা বিদ্যালয় সুচারুরূপে পরিচালিত হইতেছে। গণপদ্মী মধ্য ইংরেজী স্কুলের উন্নতির সহিত এই সমিতির ঘনিষ্ট সম্পর্ক আছে।

১৫। বীরভূম,—রামপুরহাট শাখা সমিতি।

বীরভূম জেলার অন্তর্গত রামপুর হাটের এলাকাধীন আঞ্জমনে এশাআতে-এস্লাম নামক আঞ্জমনে ওলামার একটি শাখা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। এই শাখা সভার প্রাণ প্রতিষ্ঠাতা জলন্ত উৎসাহী মৌলবী আব্দুলগণি বি, এ। তাঁহার এবং তদীয় হিতৈষী ও সহকারী বন্ধু বান্ধবগণের আন্তরিক প্রযত্নে সেখানকার শাখা সমিতি পূর্ণ উদ্যমে কাজ করিতেছে। এই শাখা সমিতির দুইটি বার্ষিক অধিবেশন মহা ধুমধামে সুসম্পন্ন হইয়া গিয়াছে। তাহাতে বহু গ্রামের মোছলমান আম খাস লোক সমবেত হইয়া ওলামা ও বক্তৃতাবর্গের ওয়াজ শুনিয়া তৃপ্তিলাভ করিয়া গিয়াছে। শিল্প, একতা, ভ্রাতৃভাব সর্ব্বোপরি ধর্ম্মই যে মোছলমানের একমাত্র ইহলোক ও পরকালের উন্নতি ও মুক্তির নিদর্শন তাহা তাঁহারা বুঝিতে পারিয়াছেন। এই আঞ্জমনের চেষ্টায় কএকটি গ্রামে মকতব ও পাঠশালার অনুষ্ঠান হইয়াছে।

১৬। চট্টগ্রাম শাখা সমিতি।

মাহমুদাবাদের জমিদার মৌলবী আবদুল কুদ্দুছ চৌধুরী সাহেবের সভাপতিত্বে ও তত্ত্বাবধানে এই সমিতি চালিত। হাজী মৌলবী মোখলেছুর রহমান চৌধুরী সাহেব বি এ, ও স্থানীয় উকিল মৌলবী জলালদ্দীন আহমদ সাহেব বি এল ভাইস প্রেসিডেণ্ট। মৌলবী আলি আহমদ ওলী এসলামাবাদী সাহেব সেক্রেটারী; আর জয়েণ্ট সেক্রেটারী আছেন মৌলবী আবদুল অদুদ বি এ

(আলিগড়)। কুদ্দুসিয়া মাদ্রাসায় তিবিবয়া এই সমিতি দ্বারাই পরিচালিত। এই শাখা আঞ্জমনের তত্ত্বাবধানে, এনায়েত বাজার, পাঠানটুলী পাঠানীবাগে তিনটী নৈশবিদ্যালয় চলিতেছে। এই সকল নৈশবিদ্যালয়ের ফল বেশ আশাপ্রদ।

মুনশী নূর আহমদ সাহেব কর্ত্তৃক প্রতিষ্ঠিত আ বাদ মক্তবও এখন এই সমিতির তত্ত্বাবধানে আছে।

১৯১৩ ইংরেজীতে স্থাপিত পাঠানটুলী "দি মোসলেম সোসাইটী চেয়ারিটি ফণ্ড ও ক্রেসেণ্ট লাইব্রেরী বর্ত্তমানে এই শাখা আঞ্জমনের অন্তর্ভুক্ত হইয়াছে। চট্টগ্রাম শাখা আঞ্জমনের অধীন পাঠানটুলী আসগরিয়া রিডিংরুম মুন্‌শী আবদুল কুদ্দুছ চৌধুরীর তত্ত্বাবধানে সুন্দররূপে চলিতেছে। ইহাতে অনেক প্রকারের উর্দ্দূ প্রভৃতি মাসিক পত্রিকা রাখা হইয়াছে। আবদুর রহমান মিঞা সাহেবের যত্নে আঞ্জমনে ওলামায় বাঙ্গালার অধীন বড় তালিকা শাহ্ জায়েদ খাদেমুল এসলাম সোসাইটী ও লাইব্রেরী থাইয়াছড়া গ্রামে প্রতিষ্ঠিত হইয়াছে। নানাপ্রকার উপাদেয় গ্রন্থাদি সংগৃহীত হইয়াছে। এই শিশু সমিতির তরফ হইতে "মোসলেম-সুহৃদ" নামে একখানা পুস্তক প্রকাশিত হইয়াছে। একখানা Manaseriph মাসিক পত্রিকা যথারীতি বাহির হইতেছে। এই খাদেমুল-এসলাম সোসাইটীর সেক্রেটারী জলন্ত উৎসাহী সৈয়দ আলী খাজম।

১৭। বরমা,—শাখা সমিতি।

চট্টগ্রাম জেলার এলাকাধীন বরমা গ্রামে বিগত ১৯১৬ খৃষ্টাব্দ হইতে খাদেমুল-এসলাম নামে একটি শাখা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। মৌলবী মির আহমদ সাহেব এবং কতিপয় উৎসাহী যুবক এই সমিতির প্রতিষ্ঠাতা ও পরিচালক। সমিতির পক্ষ হইতে কএকখানি সংবাদপত্র ক্রয় করা হয়। তাহা পাঠ করিয়া স্থানীয় মোছলমানগণ বিশেষরূপে উপকৃত হইতেছে। তাঁহারা সমিতির ক্ষুদ্র পাঠাগার জন্য কিছু পুস্তকও সংগ্রহ করিয়াছেন। মিশনের চাঁদা সংগ্রহের প্রতি সমিতির মেম্বরগণ বিশেষ যত্ন প্রকাশ করিয়াছেন।

১৮। চন্দনবাইসা,—শাখা সমিতি।

বগুড়া জেলার অন্তর্গত চন্দনবাইসা পোষ্টাফিসের এলাকাধীন ইসলাম সমিতি নামে আঞ্জমনে ওলামার এক শাখা প্রতিষ্ঠিত হইয়াছে। সভাপতি মৌলবী কাজী আতহার হোসেন আহমদ সাহেব, মুনশী মেহরুদ্দিন আহমদ সাহেব ও মোহাম্মদ ইছমাইল মণ্ডল সাহেব যথাক্রমে সম্পাদক ও সহকারী সম্পাদক নির্ব্বাচিত হইয়াছেন। এই সমিতি একটি জুনিয়ার মাদ্রাসা প্রতিষ্ঠা পূর্ব্বক কার্য্য আরম্ভ করিয়াছে। বর্ত্তমানে উক্ত মাদ্রাসার ছাত্র সংখ্যা ৪৫ জন, ২ জন মুনশী দ্বারা আপাততঃ কার্য্য নির্ব্বাহিত হইতেছে। সেক্রেটারী মোহাম্মদ এছমাইল মণ্ডল। সমিতির পৃষ্ঠপোষক সভ্য-আয়েতুল্লা সরকার, শরিয়তুল্লা সরকার, জহির উদ্দিন সরকার, মহাম্মদ আলী ফকির, ময়েজ উদ্দিন ফকীর, মহাম্মদ আলী ফকির, কিসমতুল্লা ফকীর, ময়েনউদ্দিন সরকার, আসগর আলী সরকার, ডাক্তার মোহাম্মদ দিন মামুদ সরকার, মৌলবী মোহাম্মদ এসহাক ফকীর বি, এ, মৌলবী গোলাম হোসেন সরকার বি, এ, সাহা আলী খাঁ বি, এ।

১৯। নদীয়া,—হাতীয়া শাখা সমিতি।

নদীয়া জেলার অন্তর্গত কুষ্টিয়া মহকুমার এলাকাধীন হাতীয়া গ্রামে আঞ্জমনের এক শাখা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। এই শাখা সভার নাম রাখা হইয়াছে "খাদেমুল এস্‌লাম সমিতি"। আঞ্জমনের প্রচারক মুন্‌শী মোহাম্মদ এব্রাহিম হোছেন সাহেব এই সমিতির প্রতিষ্ঠাতা ও সভাপতি। সেক্রেটারী মুন্‌শী এমদাদ হোসেন। সমিতির অধীনে একটি বালিকা বিদ্যালয় চলিতেছে। বর্ত্তমানে ২জন শিক্ষক দ্বারা বিদ্যালয় পরিচালিত হইতেছে। ছাত্রী সংখ্যা বর্ত্তমান বর্ষে কিছু হ্রাস পাইয়াছে। এখন ৩০ জন মাত্র ছাত্রী বিদ্যালয়ে অধ্যয়ন করিতেছে। এই বিদ্যালয়ের বার্ষিক ব্যয় ২৪০৲। সমিতির সভাপতি সাহেব বালিকাদিগকে উৎসাহিত করিবার জন্য নানাপ্রকারে চেষ্টা করিয়া আসিতেছেন। বস্ত্র বিতরণ, মিষ্টান্ন ও পুস্তক, কাগজ, কলম, পিন্সিল ইত্যাদি নানাপ্রকার দ্রব্যাদি বিতরণ পূর্ব্বক গ্রামে স্ত্রী শিক্ষা বিস্তারের জন্য চেষ্টা করিতেছেন। বহু মোকদ্দমা তাঁহার চেষ্টায় আপোষে মীমাংসা হইয়াছে।

২০। বগুড়া পদ্মপাড়া শাখা সমিতি।

এই শাখা সমিতি বিগত ৩ বৎসর হইতে পূর্ণ উৎসাহ উদ্যমের সহিত পরিচালিত হইয়া আসিতেছে। শাখা সমিতির পরিচালক মুন্‌শী ডাক্তার মফিজউদ্দীন খোন্দকার ও সদস্য মুন্‌শী তৈয়বউদ্দীন সাহেব শাখা প্রতিষ্ঠার প্রারম্ভ কাল হইতে যেরূপ জলন্ত উৎসাহের সহিত কাজ করিয়া আসিতেছেন তাহা বিশেষ প্রশংসনীয়। তাঁহারা আঞ্জমনের উদ্দেশ্যাবলী কার্য্যে পরিণত করার পক্ষে বিশেষ যত্নবান। মিশনফণ্ডে চাঁদা সংগ্রহ, বিহার শাহবাদের দুস্থ মোছলমানগণের কষ্ট বিমোচন কল্পে অর্থ সংগ্রহ, কোরবাণীর চামড়ার মূল্য এসলাম-মিশন-ফণ্ডে সংগ্রহের জন্য যথেষ্ট পরিশ্রম ও ত্যাগস্বীকার করিয়াছেন। পুরাতন স্থিতিশীলদলের বিরুদ্ধাচরণ ও কর্ম্মক্ষেত্রে তাঁহাদের সহিত সংঘর্ষ ইত্যাদি নানা বাধা বিঘ্নের ঘাত প্রতিঘাত তাহাদিগকে সহ্য করিতে হইতেছে। দুঃখের বিষয় সমিতির বিস্তৃত বিবরণ যথা সময় আমাদের হস্তগত না হওয়ায় আমরা তাহা রিপোর্টে প্রকাশ করিতে পারিলাম না।

এতদ্ব্যতীত বঙ্গের নানা স্থানে আরও কএকটি শাখা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে, কিন্তু সে সকল শাখার বিবরণ যথা সময়ে আঞ্জমনের হস্তগত না হওয়ায় তাহার উল্লেখ করা হইল না।

প্রচার বিভাগ।

ধর্ম্ম প্রচারই আঞ্জমনে-ওলামায় প্রধান উদ্দেশ্য। আঞ্জমন এই প্রচার কার্য্যে যথাসম্ভব স্বীয় শক্তি ব্যয় করিয়া আসিতেছেন। আঞ্জমনের নিয়মিত প্রচারকগণ ব্যতীত আঞ্জমনের অনারেরি সেক্রেটারী, জয়েণ্ট সেক্রেটারী ও বিভাগীয় সেক্রেটারীগণ প্রচারকার্য্যে যত্নের ত্রুটি করিতেছেন না। রাজশাহী বিভাগের সেক্রেটারী মৌলানা আবদুল্লাহেল বাকী সাহেব বৎসরের মধ্যে ৭।৮ মাস প্রচারে ব্রতী থাকেন। দিনাজপুর, রংপুর ও বগুড়ার এলাকায় তিনি সচরাচর প্রচার করিয়া থাকেন। তাঁহার প্রযত্নে বহু স্থানে মকতব, মাদ্রাসা ও স্কুল প্রতিষ্ঠিত হইয়াছে। বহু গ্রামে

মসজেদ ও স্থানে স্থানে ঈদগাহ কাএম হইয়াছে। শত শত মামলা মোকদ্দমা সালিশি বিচারে নিষ্পত্তি হইয়াছে। শাখা সমিতির বর্ণনায় তাহার কতকটা বিবরণ প্রকাশিত হইয়াছে।

আঞ্জমনে-ওলামার অনারেরী জয়েন্ট সেক্রেটারী এসলামাবাদী সাহেব বৎসরের মধ্যে অন্তত: ২।৩ মাস প্রচার কার্য্যে ব্রতী হইয়া থাকেন। তিনি ২৪ পরগণা, খুলনা, রাজশাহী, পাবনা, রংপুর, দিনাজপুর, বগুড়া ও কুচবেহার এবং চট্টগ্রাম জেলায় প্রচার-কর্ত্তব্য পালন করিতে বিশেষ যত্নপ্রকাশ করিয়াছেন। তিনি নানা সভা সমিতিতে আঞ্জমনের উদ্দেশ্য, মিশনের উপকারিতা, মেম্বর হওয়ার জন্য মোছলমানদিগকে উৎসাহদান ইত্যাদি ব্যাপারে পরিশ্রম স্বীকার করিয়াছেন। তাঁহার যত্নে আঞ্জমনের বহু মেম্বর সংগৃহীত হইয়াছে। মোহাম্মদী ও আল-এসলামেরও গ্রাহক বৃদ্ধি পাইয়াছে।

আঞ্জমনের চট্টগ্রাম বিভাগের সেক্রেটারী মৌলানা ওবায়দুল হক সাহেব একজন আদর্শ কর্ম্মী পুরুষ। তিনি চট্টগ্রাম—সীতাকুণ্ড নামক স্থানে একটি উচ্চাঙ্গের সিনিয়র মাদ্রাসা পরিচালিত করিতেছেন। তাঁহার মাদ্রাসার মোট ছাত্র সংখ্যা বর্ত্তমানে ১৪০, শিক্ষক সংখ্যা ১২, বৎসরে ৪১২৮৲ টাকা ব্যয় হইয়া থাকে। মাদ্রাসা ব্যতীত তিনি আর একটী হাই স্কুলের পরিচালক ও সেক্রেটারী। তাঁহার স্কুলের বর্ত্তমান ছাত্রসংখ্যা ২৭০, শিক্ষক সংখ্যা ১০, বার্ষিক ব্যয় ৬৬০০৲। মৌলানা সাহেব কেবল যে একটি সিনিয়ার মাদ্রাসা ও হাই স্কুল পরিচালনেই ক্ষান্ত আছেন তাহা নহে বরং তিনি চট্টগ্রাম জেলার নেজামপুর পরগণার গ্রামসমূহে সভা সমিতি করিয়া মোছলমানগণের মধ্যে শিক্ষা বিস্তার, জাতীয় জীবনদান মোছলমানগণের রাজনীতিক অধিকার লাভের উপায় উদ্ভাবন ইত্যাদি নানা কার্য্যে স্বীয় শক্তি ব্যয় করিতেছেন।

ঢাকা বিভাগের সেক্রেটারী মৌলবী হাফেজ আবদুররজ্জাক সাহেব আধুনিক খেয়ালের একজন উদ্যমশীল আলেম। তাঁহার প্রতিষ্ঠিত হাম্মাদিয়া মাদ্রাসা তাঁহার কর্ম্মশক্তির একটি উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি শিক্ষা সংস্কার, ও আরবী শিক্ষার উৎকর্ষ সাধনকল্পে আজীবন চেষ্টা করিয়া আসিতেছেন। ঢাকানগরে তিনি আলেম সমাজের একজন প্রধান সেবক। আলেম, অআলেম সকল শ্রেণীর ভদ্র ব্যক্তিবর্গের সহিত তাঁহার ঘনিষ্ঠসম্বন্ধ। তাঁহার সৎচেষ্টায় সমাজে জাতীয় জীবনের সঞ্চার হইতেছে।

বর্দ্ধমান বিভাগের সেক্রেটারী মৌলবী কাজী নওয়াজ খোদা সাহেবের প্রযত্নে তাঁহার জন্মস্থান মঙ্গল কোর্টে মাদ্রাসা এশাআতে এস্‌লাম নামে একটি মাদ্রাসা পরিচালিত হইতেছে। তাঁহার মাদ্রাসার ছাত্র সংখ্যা বর্ত্তমানে ১৫০, শিক্ষক সংখ্যা ৮ জন। বার্ষিক মোট ব্যয় ২৫৪৪৲। সমাজ হিতকর কার্য্যে তিনি সর্ব্বদা অগ্রণী। তিনি একজন সাহিত্য-সেবী, আঞ্জমনের "আল্-এসলাম" মাসিক পত্রে তিনি মধ্যে মধ্যে ঐতিহাসিক প্রবন্ধ লিখিয়া আঞ্জমনের উদ্দেশ্য সাধনে সহায়তা করিয়া থাকেন।

প্রেসিডেন্সি বিভাগের সেক্রেটারী মৌলানা আব্বাস আলী সাহেব বঙ্গের সর্ব্বত্র পরিচিত। বঙ্গানুবাদ কোরআন শরিফ তাঁহার জীবনের একটী প্রধান কীর্ত্তি। তিনি ফুতুহুশ্‌শাম প্রভৃতি আরও বহু পুস্তক লিখিয়া বাঙ্গালা সাহিত্যের মধ্যস্থতায় সমাজে ধর্ম্মভাব ও জাতীয় জীবন সঞ্চারণের চেষ্টা করিতেছেন। তিনি বৎসরের মধ্যে কএকমাস ধর্ম্ম প্রচার কার্য্যে অতিবাহিত করিয়া থাকেন। তাঁহার তত্ত্বাবধানে অনেকগুলি জমাত ও মসজেদ সুচারুরূপে চলিতেছে। স্থানে স্থানে মকতব ও পাঠশালা স্থাপিত হইয়াছে।

আঞ্জমনের প্রচারকগণ।

১। মৌলবী মোহাম্মদ (সাহেব।

ইনি সর্ব্বপ্রথম শিক্ষার্থীরূপে এস্‌লাম-মিশনে প্রবেশ করেন। তিনি এক বৎসরকাল আঞ্জমনের পুস্তকালয়ে থাকিয়া নানা ভাষা ও ধর্ম্মবিষয়ক পুস্তক পাঠ করিয়া প্রচার নীতি সম্বন্ধে জ্ঞান অর্জ্জন করেন। তিনি এক দিকে ইংরেজীতে ম্যাট্রেকুলেশন পাশ, অন্য দিকে আরবীতেও তাঁহার বেশ অধিকার আছে। বাঙ্গালা বেশ ভালই জানেন, বাইবেল ও খ্রীষ্টান ধর্ম্মতত্ত্ব সম্বন্ধে তাঁহার যথেষ্ট জ্ঞান আছে। খ্রীষ্টান ধর্ম্মতত্ত্ব সম্বন্ধে তিনি বহু পুস্তক পাঠ করিয়াছেন। খ্রীষ্টান পাদ্রীবর্গের সহিত তর্কযুদ্ধে তিনি বিশেষ পারদর্শী। চিকিৎসা শাস্ত্রেও তিনি একপ্রকার অভিজ্ঞতা রাখেন। তিনি এক বৎসর কাল আঞ্জমন লাইব্রেরীতে অবস্থান অন্তে ১৯১৫ খৃষ্টাব্দ হইতে মফস্বলে প্রচারে প্রবৃত্ত হন। তিনি নদীয়া জেলার এলাকাধীন মেহেরপুর পরগণায় মালিয়াপোতা নামক স্থানে কেন্দ্র স্থাপন পূর্ব্বক যে সকল লোক খ্রীষ্টান পাদ্রীগণের ধোকায় পড়িয়া খ্রীষ্টান হইয়া গিয়াছে তাহাদিগকে এস্‌লাম ধর্ম্মে দীক্ষিত করার জন্য নানা প্রকারে চেষ্টা করেন। তাঁহার চেষ্টায় এবং অন্যতম প্রচারক মুন্‌শী মোহাম্মদ এব্রাহিমহোসেন ও মৌলবী লোৎফররহমান সাহেবের সহযোগিতায় তদঞ্চলের ৫২টি গ্রামের মোছলমানদিগকে লইয়া একটি জমাত কাএম করেন। এবং ক স প্রচারের ফলে ২৫।৩০ ঘর খ্রীষ্টান এসলাম ধর্ম্মে দীক্ষিত হয়। এবং নামাজশিক্ষা, আমপারা, কোরাণশরিফ ইত্যাদি বিতরণ ও হোমিওপ্যাথিক ঔষধ ও ব্যবস্থা প্রদান করা হয়। যে সকল মোছলমান শুধু নামেই মোছলমান ছিল তাহাদের মধ্যে এস্‌লামের আদর্শ শিক্ষা ও এস্‌লামের তেজ প্রভাব বিস্তার করা হয়। এই মেহেরপুর পরগণায় প্রায় ১৫ হাজার মোছলমান খ্রীষ্টান ধর্ম্মে দীক্ষিত হইয়া গিয়াছে। এ সকল লোককে পুনঃ এস্‌লামে আনয়ন জন্য যথেষ্ট অর্থব্যয় ও শক্তিক্ষয় করা প্রয়োজন। এস্‌লাম ধর্ম্মচ্যুত ব্যক্তিবর্গকে এস্‌লাম ধর্ম্মে পুনঃ দীক্ষিত করিতে একটি প্রধান অন্তরায় আছে অর্থাৎ স্থানীয় মোছলমানগণ তাহাদিগকে সমাজে লইয়া সামাজিক আচার ব্যবহার করার ঘোর বিরোধী। ঐরূপ নব দীক্ষিত মোছলমানদিগকে তাহারা কিছুতেই সমাজে গ্রহণ করিতে রাজী নহে। উপরোক্ত প্রচারকগণের অনেক চেষ্টায় ও উপদেশদ্বারায় তাঁহারা অনেককে সমাজে উঠাইতে সমর্থ হইয়াছেন বটে কিন্তু অর্থাভাবে আঞ্জমন সেখানে স্থায়ীভাবে কেন্দ্র স্থাপন করিবার সুবিধা পায় নাই।

মৌলবী মোজাফর উদ্দীন সাহেব ১৯১৫ খৃষ্টাব্দ ১১০ দিন মফস্বলে প্রচারে অতিবাহিত করিয়াছেন। অবশিষ্ট সময় তিনি আঞ্জমনের ও আল্‌-এস্‌লামের অফিস সংক্রান্ত কার্য্যে লিপ্ত ছিলেন। তিনি এই বৎসর ২টি জেলায় ২ টি গ্রামে প্রচার ও ভ্রমণ করিয়াছেন। সর্ব্বসমেত ৮৮১ মাইল

ভ্রমণ করিয়াছেন। মোট ৩৫টি সভায় ওয়াজ বক্তৃতা করিয়াছেন। সর্ব্বসমেত ৪০০০ লোক তাঁহার নিকট ওয়াজ শুনিয়াছেন। ৯৩।৶০ তাঁহাদ্বারা চাঁদা সংগৃহীত হইয়াছে।

১৯১৬ খৃষ্টাব্দে ৫১ দিন প্রচারে অতিবাহিত করিয়াছেন, অবশিষ্ট সময় অফিসে ও পীড়িতাবস্থায় কাটিয়াছে। এই বৎসর তিনি ২৬টি গ্রাম ও সর্ব্বসমেত ৪৭১ মাইল ভ্রমণ, ৯১টি সভা করিয়াছেন। সভায় ১৭৫০ জন লোক ওয়াজ শুনিয়াছে। ৪৩।৶০ চাঁদা সংগৃহীত হইয়াছে।

২। মৌলবী লোৎফর রহমান সাহেব।

ইনি হিন্দুস্থানের বিভিন্ন মাদ্রাসায় আরবী উচ্চ শিক্ষা লাভ করিয়া সনদ হাছেল করিয়াছেন। হাদিছ তফসীরে তাঁহার যথেষ্ট অধিকার আছে। আবশ্যক পরিমাণ বঙ্গভাষায় ব্যুৎপন্ন। তিনি ১৯১৫ খৃষ্টাব্দ হইতে আঞ্জমনের প্রচারকরূপে কাজ করিতেছেন। ১৯১৫ খৃষ্টাব্দে ১৮৯ দিন তাঁহার প্রচারে অতিবাহিত হইয়াছে। ৭টি জেলায় ৭৮টি গ্রাম, ১০২৬॥০ মাইল ভ্রমণ করিয়াছেন। সর্ব্বসমেত এই বৎসর ৫৪টি সভা করিয়াছেন। ৬২৯০ জন লোক তাঁহার নিকট ওয়াজ শুনিয়াছেন। এই বৎসর তাঁহাদ্বারা ১১০৶০ অর্থ সংগৃহীত হইয়াছে। ১৯১৬ খৃষ্টাব্দে তিনি ২১৪ দিন প্রচারে কাটাইয়াছেন। ৯টি জেলায় মোট ৯৯টি গ্রাম ১৫৮৫॥ মাইল ভ্রমণ করিয়াছেন। ৬৬টি সভায় ৯১৮০ জন ওয়াজ ও বক্তৃতা শুনিয়াছেন। ২৭৯৮০ চাঁদা সংগৃহীত হইয়াছে। মৌলবী সাহেবের প্রযত্নে ও প্রেসিডেন্সী বিভাগের সেক্রেটারী সাহেবের সহযোগিতায় ২৪ পরগণার চণ্ডীপুর গ্রামে একটি মকতব স্থাপিত ও পরিচালিত হইতেছে। যশোহরের চৌগাছা গ্রামে একটী স্কুল তাঁহার যত্নে প্রতিষ্ঠিত হইয়াছে। ২৪ পরগণায় নরাবস্তি গ্রামে এক একটী স্কুল স্থাপন করিয়াছেন। নদীয়া ভিটেরপাড়া গ্রামে একটি মকতব স্থাপন করিয়াছেন।

৩। মৌলবী ফজলর রহমান নেজামী সাহেব।

তিনি ১৯১৬ খৃষ্টাব্দ হইতে আঞ্জমনের প্রচারকরূপে কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন। এই বৎসর তিনি ১২২ দিন মাত্র কাজ করিয়াছেন ৩টি জেলায় ৬৬টি গ্রামে ৪০৪॥ মাইল ভ্রমণ করিয়াছেন। ৫৩টি সভা করিয়াছেন। ৭৩১২৫ লোক ওয়াজ বক্তৃতা শুনিয়াছে। ১১০৸/০ অর্থ সংগৃহীত হইয়াছে। মৌলবী সাহেব বিশেষ উদ্যমশীল কর্ম্মীলোক। উর্দ্দু ও বাঙ্গালা উভয় ভাষায় বক্তৃতা করিতে অভ্যস্ত।

৪। মুন্‌শী মোহাম্মদ এব্রাহিম হোসেন।

ইনি বহুকাল হইতে প্রচারকার্য্যে ব্রতী আছেন। তিনি শিক্ষা সমিতির সংশ্রবে কএক বৎসর পূর্ব্ব হইতে পূর্ণ উৎসাহ উদ্যমের সহিত সমাজ সেবায় লিপ্ত আছেন। তিনি ১৯১৪ খ্রীষ্টাব্দ হইতে আঞ্জমনের প্রচারকরূপে কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন। উক্ত সনে মোট ৯৯ দিন কাজ করিয়াছেন। ৪টি জেলায় ৪২টি গ্রামে ১২৫৪ মাইল পথ ভ্রমণ করিয়াছেন। ২৬টী সভায় ৬১২০ জন লোক তাঁহার নিকট ওয়াজ শুনিয়াছেন। ৫৭॥৫ চাঁদা সংগৃহীত হইয়াছে।

১৯১৫ খ্রীষ্টাব্দে ২৭৫ দিন প্রচারে কাটাইয়াছিলেন। ৭টি জেলার ১৭১টি গ্রামে ৪০৪১ মাইল ভ্রমণ করিয়াছেন। মোট ৬১টি সভায় আনুমানিক ৩৭৬৫০ জন লোক ওয়াজ বক্তৃতা শুনিয়াছেন।

১৯১৬ খ্রীষ্টাব্দে প্রচার কার্য্য হইয়াছে ২১২ দিন, ৬টি জেলায় ১৬৮টি গ্রামে ২৯৬৩ মাইল ভ্রমণ করিয়াছেন। মোট ৫২টি সভায় ১৩৫০৮ লোক বক্তৃতা শুনিয়াছেন। তিনি নিজ গ্রামে একটি বালিকা-বিদ্যালয় স্থাপন পূর্ব্বক তাহা অতিযত্নের সহিত চালাইয়া আসিতেছেন। তাঁহার গ্রামে হিন্দুদিগের বাধা নিবন্ধন পূর্ব্বে মোছলমানগণ কোরবানী কার্য্য সম্পন্ন করিতে পারিতেন না, কিন্তু তাঁহার অক্লান্ত চেষ্টা ও মামলা মোকদ্দমা পরিচালনার ফলে এখন হাতীয়া গ্রামের মোছলমানগণ কোরবানী কার্য্য নির্ব্বিবাদে সম্পন্ন করিতেছেন।

তিনি বঙ্গের যে সকল স্থানে প্রচারে গিয়াছেন তন্মধ্যে অনেক গ্রামেই মকতব ও বালিকা-বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য বিশেষরূপে চেষ্টা করিয়াছেন। তাঁহার প্রযত্নে বহুস্থানে স্কুল ও পাঠশালা স্থাপিত হইয়াছে। বহুস্থানে মোছলমানদিগের মধ্যে মামলা বিবাদ আপোষে নিষ্পত্তি করিয়া দিয়াছেন।

৫। মৌলবী মোহাম্মদ এস্‌হাক।

ইনি ১৯১৫ সালের শেষভাগে মিশনে প্রবেশ করিয়াছেন। এই বৎসর পশ্চিম-বঙ্গের একটি জেলায় ৪৯টি গ্রামে ৩০১॥ মাইল ভ্রমণ করিয়াছেন। ৩৬টি সভায় ৫০০০ লোককে উপদেশ দিয়াছেন। ১৩৬৵০ আনা চাঁদা সংগ্রহ করিয়াছেন। রংপুর জেলার অন্তর্গত লালমনির হাটের এলাকাধীন কএকটী গ্রামে ৩।৪ শত ঘর মোছলমান ধোকাবাজ নেড়ার ফকিরের ফাঁদে পড়িয়া এস্‌লাম-ধর্ম্মচ্যুত হইয়া যাওয়ার সংবাদ হেড আফিসে উপস্থিত হইলে মৌলবী এস্‌হাক সাহেবকে ঘটনাস্থলে প্রেরণ করা হয়। রাজশাহী বিভাগের সেক্রেটারী সাহেব সর্ব্বপ্রকারে তাঁহাকে সাহায্য করেন। তিনি অতিবৃষ্টি ইত্যাদি নানা দুর্য্যোগাদির মধ্যে নানারূপ কষ্ট স্বীকার করিয়া বিভিন্ন স্থানে সভা-সমিতি করিয়া ভণ্ড ফকিরগণের ধোকা হইতে অবশিষ্ট লোকদিগকে রক্ষা করেন। তিনি সে সময় সেখানে উপস্থিত হইয়া এস্‌লাম ধর্ম্মের সত্যতার বিষয় প্রচার না করিলে হাজার হাজার মোছলমান-পরিবার বাউল বা হিন্দু বৈষ্ণব-ধর্ম্মে দীক্ষিত হইয়া পড়িত। তিনি যখন ২ মাস পর পুনরায় সেই ধর্ম্মভ্রষ্ট স্থানে উপস্থিত হন তখন ১৫।২০ ঘর মোছলমান নবাবলম্বিত ধর্ম্মত্যাগ করিয়া আবার সত্য এসলাম ধর্ম্মের ছায়াতলে আশ্রয় গ্রহণ করেন। মৌলবী সাহেব বর্দ্ধমান, হুগলী, ২৪ পরগণা, খুলনা ও রংপুর জেলায় কাজ করিয়াছেন।

১৯১৬ সালে তিনি ৯৯টি গ্রাম ৬৬১॥ মাইল ভ্রমণ করিয়াছেন। ৪১টি সভা করিয়াছেন। ৯৫৫০ জন লোক তাঁহার সভায় উপস্থিত হইয়া ওয়াজ ও বক্তৃতা শুনিয়াছেন। সর্ব্বসমেত এই বৎসর ২৫৪৸৩ চাঁদা প্রাপ্ত হইয়াছেন।

৬। মৌলবী ওছিকুর রহমান সাহেব।

মৌলবী সাহেব হিন্দুস্থানের সনদ পাওয়া আলেম। তিনি ১৯১৪ সালে ২১ দিন মাত্র কাজ করিয়াছিলেন। এই কয়দিনে তিনি ১১টি সভা করিয়াছিলেন। ১৯১৫ সালে ১৫৬ দিন প্রচারে সময় অতিবাহিত করিয়াছেন, ৭২টি গ্রাম ৩১৫ মাইল ভ্রমণ করিয়াছেন। তাঁহার ৮টি সভায় ৭৫০ লোক উপদেশ শ্রবণ করিয়াছেন। ১৯১৬ সালে তিনি ২টি মাত্র সভা করিয়াছেন। তিনি এখন আঞ্জমনের প্রচারক পদত্যাগ করিয়াছেন।

৭। মৌলবী আবদুল করিম সাহেব।

ইনি বঙ্গ ভাষায় বেশ হৃদয়গ্রাহী ও প্রীতিকর বক্তৃতা করিতে সমর্থ। আরবী ও বঙ্গ ভাষায় আবশ্যক পরিমাণ জ্ঞান রাখেন। ১৯১৬ সালে তিনি ৮৪ দিন মাত্র কাজ করিয়াছেন। উক্ত বৎসর ৭টি গ্রাম ১৯৭ মাইল পথ ভ্রমণ করিয়াছেন। তাঁহার চেষ্টায় চট্টগ্রাম জেলায় আঞ্জমনে-ওলামার উদ্দেশ্য বিশেষরূপে প্রচারিত হইয়াছে এবং প্রায় এক হাজার মেম্বর সংগৃহীত হইয়াছে। তাঁহার আন্দোলন আলোচনার ফলে নানাস্থানে স্কুল মকতব স্থাপিত হইয়াছে। ১৯১৭ সালের রিপোর্টে সে সকলের বিস্তৃত বিবরণ প্রকাশিত হইবে।

৮। শাহ আব্দুল্লা।

ইনি বঙ্গের একজন প্রসিদ্ধ বক্তা। পূর্ব্বে তিনি খৃষ্টান ছিলেন। এস্লাম গ্রহণের পর হইতে তিনি দৃঢ়তার সহিত এস্লামের মর্য্যাদা রক্ষা করিয়া আসিতেছেন। তিনি ১৯১৪ সালে ২৪ দিন ১৯১৫ সালে ৩৮ দিন মাত্র প্রচার কার্য্যে লিপ্ত ছিলেন। তৎপর আঞ্জমনের প্রচারকের পদত্যাগপূর্ব্বক স্বাধীনভাবে প্রচার করিতেছেন।

৯। মৌলবী ফজলর রহমান সাহেব (নদীয়া)।

মৌলবী সাহেব সুবক্তা তর্কশাস্ত্রেও পারদর্শী। তিনি ১৯১৪ খৃষ্টাব্দে ৭টি গ্রামে প্রচার করিয়াছেন। ১৯১৫ সালে ১৭৮ দিন প্রচারে অতিবাহিত করিয়াছেন। মোট ৬৯টী সভা করিয়াছেন। ৪১৮৪ মাইল ভ্রমণ করিয়াছেন। ৪৯১০০ লোক ওয়াজ শুনিয়াছে। তিনি এখন পদত্যাগ করিয়াছেন।

আঞ্জমনের চেষ্টায় এযাবৎ প্রায় ২০০ শত খৃষ্টান ও হিন্দু এস্লাম ধর্ম্মে দীক্ষিত হইয়াছে।

বর্ণিত প্রচারকগণ ব্যতীত ময়মনসিংহ জেলার প্রসিদ্ধ ধর্ম্মপ্রচারক সুবক্তা মৌলবী খোন্দকার আহমদ আলী আকালবী সাহেব ও ত্রিপুরার মৌলবী সাআদৎ হোসেন সাহেব আঞ্জমনের প্রচারক শ্রেণীভুক্ত হইয়াছেন। তাঁহারা নব নিযুক্ত বলিয়া এই রিপোর্টে তাঁহাদের কার্য্যের বিষয় আলোচিত হইল না।

আঞ্জমনের পুস্তক প্রচার।

আঞ্জমন অর্থাভাবে পুস্তক প্রচার ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের পরিচয় দিতে পারে নাই বটে, কিন্তু আঞ্জমনের হিতৈষী ও খাদেমগণ যে সকল পুস্তক রচনা করিয়াছেন এবং যে সকল পুস্তক এখন রচনাধীন আছে সে সকল প্রকাশিত হইলে আঞ্জমনের পুস্তক প্রচার বিভাগ অনেকটা সফলতা লাভ করিয়াছে বলিলে অত্যুক্তি হইবে না। এযাবৎ যে সকল পুস্তক আঞ্জমনের পক্ষে প্রচারিত হইয়াছে, তাহার সংক্ষিপ্ত পরিচয় নিম্নে দেওয়া হইল।

১। যিশু কি নিষ্পাপ ?

খ্রীষ্টান পাদ্রীগণ মোছলমান জন সাধারণকে ধোকা দিবার জন্য হজরত মোহাম্মদ মোস্তফা (র) কে গুণাহগার প্রমাণ করিবার জন্য অযথা চেষ্টা করিয়া বহু বই পুস্তক প্রচার করিয়াছেন। সামান্য শিক্ষিত ব্যক্তিগণ ঐ সকল পুস্তক পাঠ করিয়া ধোকায় পড়িয়া থাকেন, অনেকে ধর্ম্মভ্রষ্ট হইয়া পড়ে। উল্লেখিত পুস্তিকা খানি আঞ্জমনের সম্পাদক সাহেব কর্তৃক লিখিত। এই পুস্তক খানিতে বাইবেলের সাহায্যে মহাত্মা যিশু যে পাপী ছিলেন এবং পাপী ব্যক্তি যে অন্যকে মুক্তিদান করিতে পারেন না তাহাই দেখান হইয়াছে। ইহা খ্রীষ্টান পাদ্রী সাহেবানের পাল্টা জওয়াব।

২। প্রায়শ্চিত্ত তত্ত্ব।

এই পুস্তকখানি আঞ্জমনের প্রচারক মৌলবী মোহাম্মদ মোজফর উদ্দীন সাহেবকর্তৃক রচিত। খ্রীষ্টান পাদ্রিগণ জনসাধারণকে খৃষ্টমন্ত্রে দীক্ষিত করিবার জন্য ইহারা করিয়া থাকেন যে যিশুখৃষ্ট মানব জাতির পাপের প্রায়শ্চিত্তস্বরূপ স্বয়ং শূলিকাষ্ঠে ঝুলিয়াছিলেন। খ্রীষ্টধর্ম্মে দীক্ষিত হইলে মুক্তির জন্য আর কোন ভাবনা থাকে না। এই পুস্তকে প্রায়শ্চিত্ত কথাটি যে একেবারেই যুক্তি-তর্ক-বিহীন অস্বাভাবিক উক্তি তাহাই প্রমাণ করা হইয়াছে।

৩। ভারতে এস্‌লাম প্রচার।

খ্রীষ্টান প্রভৃতি ভিন্ন ধর্ম্মাবলম্বীগণ ইতিহাসে ও ধর্ম্মালোচনগ্রন্থে লিখিয়া থাকেন, জগতে এসলামধর্ম্ম তরবারিসাহায্যে প্রচারিত হইয়াছে। এস্‌লাম স্বীয় সৌন্দর্য্য ও সত্যতার প্রভাবে প্রচারিত হয় নাই। এই ক্ষুদ্র পুস্তিকাখানি এসলাম-মিশনের পক্ষে প্রচার করা হইয়াছে। ইহাতে ঐতিহাসিক প্রমাণ ও যুক্তি-তর্কদ্বারা প্রমাণ করা হইয়াছে যে ভারতবর্ষে এসলাম তরবারি বলে প্রচারিত হয় নাই। এসলাম স্বীয় স্বাভাবিক সৌন্দর্য্য ও সত্যতার প্রভাবেই পৃথিবীময় বিস্তৃত হইয়াছে।

এ সকল পুস্তক ব্যতীত এস্‌লাম-মিশন ও উর্দ্দূভাষায় আঞ্জমনের উদ্দেশ্য সম্বন্ধীয় কএকখানি পুস্তিকা প্রকাশিত হইয়াছে।

৪। হজরতের জীবনী কোরআনের বঙ্গানুবাদ।

বঙ্গদেশে আড়াই কোটী মোছলমানের বাস। ইঁহাদের মাতৃভাষা বাঙ্গালা। বঙ্গভাষায় একখানি বিশুদ্ধ হজরত রসুলে করিমের জীবনী ও কোরআন শরিফের সময়োপযোগী বঙ্গানুবাদ প্রকাশিত হওয়া একান্ত বাঞ্ছনীয়। আঞ্জমনের সেক্রেটারী সাহেব এই কার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন। জীবনী লিখা সমাপ্ত হইয়াছে। অনুবাদের কাজ অধিক দুর অগ্রসর হয় নাই।

আল্-এস্লাম।

আঞ্জমনে-ওলামায় কার্য্যাবলির মধ্যে "আল্-এস্লাম" মাসিক কাগজ খানি বিশেষ উল্লেখ যোগ্য বিষয়। বিগত আড়াই বৎসর হইতে এই কাগজ খানি চালিত হইতেছে। বর্ত্তমানে কাগজের প্রচার ১৫০০। কাগজখানির প্রতি ক্রমে সমাজের সহানুভূতি আকর্ষিত হইতেছে। প্রচার সংখ্যা সন্তোষজনক না হইলেও এ পর্য্যন্ত মোসলমান সমাজে যতগুলি মাসিক কাগজ প্রচারিত হইয়াছে, তন্মধ্যে আল্ এসলামের প্রচার সংখ্যা সর্ব্বাপেক্ষা অধিক।

আল-এসলাম সমাজের ও ধর্ম্মের কতটা সেবা করিয়াছে এবং তাহাতে কিরূপ ও কি পরিমাণ প্রবন্ধ প্রকাশিত হইয়াছে নিম্নে তাহার একটী সংক্ষিপ্ত তালিকা দেওয়া হইল।

১। আল্-এস্লাম।

১৩২২ সাল।

৪টি ঐতিহাসিক, ২৪টি ধর্ম্মবিষয়ক, ২০টি জীবনী, ১৫টি বিভিন্ন মর্ম্মের কবিতা, ৭টী সাহিত্য আলোচনা বিষয়ক প্রবন্ধ, ৯টী দার্শনিক ও বৈজ্ঞানিক প্রবন্ধ, ১০টী আলোচনা জনিত সন্দর্ভ, ৪টি সামাজিক, ২২টী বিধর্ম্মীদের সহিত তর্কযুদ্ধ।

১৩২৩ সাল।

১৭টি ঐতিহাসিক, ১২টি ধর্ম্মবিষয়ক, ১৪টি জীবনী, ৩৪টি বিভিন্ন প্রকার কবিতা, ১৭টি সাহিত্যালোচনা, ২টি দার্শনিক বৈজ্ঞানিক, ৪টি আলোচনা, ৪টি সামাজিক ১১টি ভিন্ন ধর্ম্মীর সহিত তর্কযুদ্ধ সংক্রান্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। ইহার আয় ব্যয় রিপোর্টের দ্বিতীয় ভাগের শেষাংশে দ্রষ্টব্য।

বিহার শাহবাদের হাঙ্গামা।

আঞ্জমনে ওলামা।

বর্ত্তমান ১৯১৭ খৃষ্টাব্দে বিহার প্রদেশের আরা শাহবাদ জেলার হিন্দুগণ কোরবাণীর সময় মোছলমান জনসাধারণের প্রতি যে ভীষণ অত্যাচার করিয়াছিল তাহার বিস্তারিত বিবরণ সাময়িক সংবাদপত্র সমূহ দ্বারা দেশের সকলেই জানিতে পারিয়াছেন। প্রায় দেড় শত গ্রামের ৩৫০০ হাজার মোছলমান পরিবার সর্ব্বস্বান্ত হইয়াছে। হিন্দুগণ তাহাদের ঘর বাড়ী ভূমিসাৎ করিয়া দিয়াছে। তাহাদের মাথা লুকাইবার স্থান ছিল না। অনেকক্ষেত্রে মোছলমান শিশু ও নারী জাতির প্রতি অত্যাচার উৎপীড়ন হইয়াছে, বহু মসজেদ বিধ্বস্ত করিয়া দেওয়া হইয়াছে। হাজার হাজার মোছলমান বস্ত্র ও অন্নাভাবে হাহাকার করিয়া পথে ঘাটে ইতস্ততঃ ঘুরিয়া বেড়াইতেছিল। এরূপ দুঃসময় সর্ব্বাগ্রে কলিকাতার -আঞ্জমনে-ওলামার পক্ষে সভা সমিতির অনুষ্ঠান করা হয়। সঙ্গে সঙ্গে বেহার গবর্ণমেণ্টের নিকট আঞ্জমনের পক্ষে একটি ডিপুটেশন প্রেরণের অনুমতি প্রার্থনা করা হয়। অনুমতি পাওয়ার পর আঞ্জমনের সেক্রেটারী মৌলবী মোহাম্মদ আকরম খাঁ সাহেব ঘটনাস্থলে যাত্রা করেন। এই দিকে আঞ্জমনের জয়েণ্ট সেক্রেটারী এস্‌লামাবাদী সাহেব মোহাম্মাদী সংবাদপত্রদ্বারা ও নানাস্থানে সভা সমিতি করিয়া দেশময় ঘোর আন্দোলন উপস্থিত করেন বঙ্গদেশ, আসাম ও ব্রহ্মদেশ ব্যাপিয়া আন্দোলনের প্রবল স্রোত প্রবাহিত হইতে থাকে। তাহার ফলে কলিকাতার দিল্লী নিবাসী ব্যবসায়িগণ একটি কমিটি গঠনপূর্ব্বক স্বতন্ত্র চাঁদা সংগ্রহ করেন। তাহাদের কমিটির হাতে প্রচুর অর্থ সংগৃহীত হয়। আঞ্জমনে ওলামা তাহার ক্ষুদ্রশক্তি লইয়া পূর্ব্ব হইতে কার্য্যারম্ভ করিয়াছিল। খোদা তাআলা তাহার কার্য্যে সহায় হইলেন। অল্পদিনের আন্দোলন আলোচনায় ফলে বঙ্গদেশ ও আসাম হইতে ৮ হাজার টাকা সংগৃহীত হয়। আঞ্জমনের সম্পাদক সাহেব একদল স্বেচ্ছাসেবক সহ প্রায় দুই মাস শাহবাদ জেলায় লুণ্ঠিত গ্রামসমূহে ভ্রমণপূর্ব্বক দুস্থ লোকদিগের মধ্যে অর্থ, বস্ত্র ও কম্বল ইত্যাদি বিতরণ করেন। সঙ্গে সঙ্গে উৎপীড়িত ব্যক্তিবর্গের মামলা মোকদ্দমার তদবির, সাক্ষী সংগ্রহ; হিন্দু প্রতাপে সত্য সাক্ষ্য দিতে ভীত ব্যক্তিবর্গকে অভয়দানপূর্ব্বক তাহাদের দ্বারা মোকদ্দমা পরিচালনের চেষ্টা, সর্ব্বোপরি মোছলমানগণের মধ্যে আত্মরক্ষার ভাব জাগাইয়া দেওয়া, জাতীয় জীবন গঠনের উপায় নির্দ্ধারণে উপদেশদান ইত্যাদি ব্যাপার যথাযথভাবে সম্পন্ন করিয়া আসিয়াছেন। আঞ্জমনের খাস তহবিলে এযাবৎ ৮ হাজার টাকা সংগৃহীত ও ব্যয়ীত হইয়াছে। তাহার স্বতন্ত্র হিসাব প্রকাশিত হইবে। এই দশ সহস্র টাকা ব্যতীত আঞ্জমন আর একটি চেষ্টায় বিশেষ সফলতা লাভ করিয়াছে।

আঞ্জমনের জয়েণ্ট সেক্রেটারী এসলামাবাদী সাহেব যেমন বঙ্গদেশ ও আসাম জুড়িয়া ঘোর আন্দোলনের প্রবল প্রবাহ ছুটাইয়া দিয়া ছিলেন তৎ সঙ্গে সঙ্গে ব্রহ্মদেশ প্রবাসী বঙ্গীয় ব্যবসায়ী ভ্রাতৃগণকে এই সৎকার্য্যের প্রতি মনোযোগী করিতে বিশেষ ভাবে প্রয়াসী হন। বহু টেলিগ্রাম, ও পত্রের বিনিময় হয়। অনেক বিজ্ঞাপন বিতরণ করা হয়। ইহাঁর ফলে রেঙ্গুন প্রবাসী বঙ্গীয় বিশেষতঃ চট্টগ্রামের ব্যবসায়ী ভ্রাতৃগণ পূর্ণ উৎসাহ উদ্যমের সহিত আয়া-সাহায্য ফণ্ডের জন্যও চেষ্টা করেন। তাহাদের আন্তরিকতাপূর্ণ চেষ্টার ফল আশানুরূপ ফলিয়াছে। রেঙ্গুনের ময়মন, সুরতী, চুলিয়া প্রভৃতি মোছলমানগণ প্রাণ খুলিয়া এই ব্যাপারে সাহায্য দান করিয়াছেন। ভারতের শ্রেষ্ঠতম দাতা আঞ্জমনে-ওলামার পৃষ্ঠপোষক মাননীয় মিঃ এ, কে, এইচ, এ, এম, জামাল কে, সি, এস আই মহোদয় নিজ ও তাঁহার ফারম হইতে ৭০০০৲ টাকা দান করিয়াছেন। অন্যান্য দানাদির সমষ্টি সহ প্রায় ২৫ হাজার টাকা সেখানে সংগৃহীত হইয়াছে। উক্ত টাকা সহ রেঙ্গুন মোসলেম সমাজের পক্ষ হইতে চট্টগ্রামের প্রসিদ্ধ জমীদার ও ব্যবসায়ী আবদুলবারী চৌধুরী সাহেব প্রতিনিধি স্বরূপ কলিকাতায় উপস্থিত হন, এবং রেঙ্গুন কমিটির মতানুসারে আঞ্জমনে-ওলামার সহযোগিতায় আরা যাত্রা করেন। আঞ্জমনের সেক্রেটারী সাহেব রেঙ্গুন ডেপুটেশনকে সঙ্গে লইয়া আরা জেলার ঘটনাস্থলে উপস্থিত হন। এবং ডিপুটেশনের লোকদিগকে তাঁহাদের কর্ত্তব্য কর্ম্মের পথ প্রদর্শনান্তে তিনি আঞ্জমনের অধিবেশনের কাজের জন্য কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হন, কিন্তু আঞ্জমনের ভলান্টিয়ার রিপোর্ট সমাপ্তির সময় কাল পর্য্যন্ত সেখানে কর্ত্তব্যপালনে তৎপর আছেন। আরার হাঙ্গামার ব্যাপারে আঞ্জমনে-ওলামা রেঙ্গুনের চাঁদা সহ প্রায় ৩৫ হাজার টাকা দুস্থ লোকদিগের মধ্যে বিতরণ করিয়াছেন।

আঞ্জমানে-ওলামায়ে-বাঙ্গালা।

রিপোর্ট—দ্বিতীয় ভাগ।

১৯১৩।১৪।১৫।১৬ খৃষ্টাব্দ।

মেম্বরগণের চাঁদা প্রাপ্তি স্বীকার।

১। রাজশাহী বিভাগ।

১। বগুড়া।

রেজিঃ নং	নাম।	গ্রাম।	পোষ্ট।	টাকা।
	১৯১৩।১৪ খৃঃ।			
৭৯	ডাঃ মোহাঃ মফিজউদ্দিন খোন্দকার সাহেব,	পদ্মপাড়া ...	গাবতলি ...	১৲
৯৮	মুঃ আছগর আলী সরকার সাহেব ...	চন্দনবাইসা ...	চন্দনবাইসা ...	১৲
১৭১	মুঃ মোহাঃ তৈয়ব উদ্দিন মণ্ডল সাহেব,	চাকরাইল ...	বদলগাছী ...	৫৲
৩৩৫	মুঃ দিয়ানতুল্লা খোন্দকার সাহেব ...	তালোড়া ...	ধুপচাঁচিয়া ...	১৲
				৮৲
	১৯১৫।			
৫১২	মুঃ শোকর উল্লা মিঞা সাহেব ...	দাউদপুর ...	সোনাতলা ...	১৲
৫১৪	মুঃ শোকর উল্লা মিঞা সাহেব ...	বসন্তের পাড়া ...	জুমারবাড়ী ...	১৲
৫১৫	মুঃ আবদুল ওয়াহেদ সাহেব ...	সইদপুর মাদ্রাসা	সোনাতলা ...	১৲
৫২০	মৌঃ আজিজর রহমান সাহেব ...	সুজাতপুর ...	রাধিকানগর ...	১৲
৫২১	মুঃ আবদুল জব্বার সাহেব ...	সুত্রাপুর ...	বগুড়া ...	১৲
৫২৬	মৌঃ ছমির উদ্দিন সাহেব ...	কালেরপাড়া ...	ধুনট ...	১৲
৫২৭	„ ময়ন উদ্দিম সাহেব ...	চরকুমারগাড়ী ...	সারিয়াকান্দি ...	১৲
৫২৮	মুঃ আকবর আলী মণ্ডল সাহেব ...	বড়িয়া ...	সোনাতলা ...	১৲
৫২৯	মুঃ আমানত উল্লা সরকার সাহেব ...	গনকপাড়া ...	„ ...	১৲
৫৩০	মুঃ নাদের আলী আখন্দ সাহেব ...	কর্ণিবাড়ী ...	চন্দনবাইসা ...	১৲
৫৩১	মুঃ মোহাম্মদ আলী মণ্ডল „ ...	বড়িয়া ...	সোনাতলা ...	১৲
৫৩২	মুঃ খয়বর আলী মণ্ডল „ ...	ঐ ...	ঐ ...	১৲
৫৩৩	মুঃ রহিম বখ্শ „ ...	খরনা ...	মাদলা ...	১৲
৫৩৫	মৌঃ হাজী আবদুছ ছাত্তার „ ...	সইদপুর ...	সোনাতলা ...	১৲
৬২০	„ আহমদ আলি বি, এ, „ ...	টিচার করোনেশন স্কুল,	বগুড়া ...	১৲
				১৫৲

মেম্বরগণের চাঁদা,—১৯১৫।

রেজিঃ নং	নাম।		গ্রাম।	পোষ্ট।	টাকা।
				জের	১৫৲
৬৮৬	মুঃ দেলবর আলি দেওয়ান সাহেব		জগদল	পাঁচবিবি	১৲
৭৩০	মোঃ মোহাঃ শমছজ্জোহা	„	ইন্স্পেক্টর কো-অপারেটিব, বগুড়া		১৲
২৪৫	„ ছোলেমান	„	বানিয়াপাড়া মাদ্রাসা	জয়পুরহাট	১৲
৯৫৪	মুঃ ছেফাতুল্লাহ মণ্ডল	„	লস্করীপাড়া	সুখানপুকুর	১৲
